




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com








সোমবার | ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৮৩ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ০২ শ্রাবণ ১৪৩০ ॥ ২৮ জিলহজ্ব ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ১৭ জুলাই ২০২৩




## তথ্য প্রযুক্তিসহ সব আধুনিক প্রশিক্ষণে স্কাউটসদের প্রশিক্ষিত করে তুলতে রাষ্ট্রপতির নির্দেশ

**নিজস্ব প্রতিবেদক :** রাষ্ট্রপতি মো: সাহাবুদ্দিন বাংলাদেশ স্কাউটস এর প্রতিটি সদস্যকে তথ্য প্রযুক্তিসহ সকল আধুনিক প্রশিক্ষণে প্রশিক্ষিত করে গড়ে তুলতে স্কাউটস নেতৃবৃন্দকে নির্দেশ দিয়েছেন।

বাংলাদেশের প্রধান স্কাউট হিসেবে গতকাল বঙ্গভবনে আনুষ্ঠানিক শপথ গ্রহণ করে স্কাউটসদের উদ্দেশ্য তিনি এ কথা বলেন।

রাষ্ট্রপ্রধান বলেন, দেশকে দুর্নীতি, জঙ্গিবাদ, সাম্প্রদায়িকতা ও মাদকমুক্ত রাখতে স্কাউটসদের কার্যকরী ভূমিকা রাখতে হবে।

বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার ড. মোঃ মোজাম্মেল হক খান বঙ্গভবনে রাষ্ট্রপতিকে ২-এর পাতায় দেখুন

## বিএনপির রাজনীতিই ধ্বংসের শেষ প্রান্তে

**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, দেশ নয়, বিএনপির রাজনীতিই আজ ধ্বংসের শেষ প্রান্তে। গতকাল রবিবার গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে তিনি এ কথা বলেন। 'দেশ ক্রান্তিলগ্নে দাঁড়িয়ে আছে' বিএনপি ২-এর পাতায় দেখুন



## শেখ হাসিনার গ্রেপ্তার ছিলো গণতন্ত্রের পায়ে শেকল পরানো

**নিজস্ব প্রতিবেদক :** তথ্যমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, '২০০৭ সালের এই দিনে তৎকালীন তত্ত্বাবধায়ক সরকারের নির্দেশে জননেত্রী শেখ হাসিনাকে গ্রেপ্তারের মধ্য দিয়ে গণতন্ত্রের পায়ে শেকল পরানো হয়েছিলো। কিন্তু তারা বুঝতে পারেনি যে, মুক্ত ২-এর পাতায় দেখুন



## কেএমপি'র নতুন কমিশনার মোজাম্মেল হক

**নিজস্ব প্রতিবেদক :** খুলনা মেট্রোপলিটন পুলিশ (কেএমপি)'র কমিশনার পদে নিযুক্ত হয়েছেন হাইওয়ে পুলিশের ডিআইজি মো. মোজাম্মেল হক। গতকাল রবিবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে এক প্রজ্ঞাপনে এ বদলি করা হয়। রাষ্ট্রপতির আদেশক্রমে ২-এর পাতায় দেখুন





# দেশের মানুষের ভাগ্য পরিবর্তনে কাজ করে যাব : প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তিনি বাংলাদেশের মানুষের ভাগ্য গড়তে এসেছেন এবং দেশের মানুষের ভাগ্য পরিবর্তনে কাজ করে যাবেন।



গতকাল রোববার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলোর 'অধ্যক্ষ সম্মিলন ও বৃত্তি প্রদান' অনুষ্ঠানে তিনি একথা বলেন।

তিনি বলেন, অনেক ঝড় ঝাপটা থাকলেও গণতান্ত্রিক ধারা অব্যাহত ও স্থিতিশীল সরকার আছে বলেই বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। উন্নয়নশীল দেশ থেকে উন্নত স্মার্ট বাংলাদেশে উন্নীত করতে চাই। বাংলাদেশের মানুষের ভাগ্য পরিবর্তনে 'যতক্ষণ শ্বাস, ততক্ষণ আঁশ' কাজ করে যাব।

প্রধানমন্ত্রী বলেন, সুনির্দিষ্ট সময়ে আমরা দেশকে উন্নয়নশীল দেশে উন্নীত করতে পেরেছি, আমরা নির্বাচনী ওয়াদা রক্ষা করি। আমরা বাংলাদেশকে যে বদলে দিতে চেয়েছিলাম, সেটা করতে পেরেছি। শুধু শিক্ষা নয়, সার্বিকভাবে দেশকে উন্নত করতে পেরেছি। যার কারণে দেশ উন্নয়নশীল দেশের মর্যাদা পেয়েছে। পরনির্ভরশীলতা থেকে আত্মমর্যাদাশীল হতে হবে।

দেশের মানুষ শিক্ষিত হোক বিএনপি-জামায়াত চায়নি এমন মন্তব্য করে শেখ ২-এর পাতায় দেখুন



## খুলনা রেঞ্জের অতিরিক্ত ডিআইজি হলেন ঝিনাইদহের সাবেক এসপি হাসানুজ্জামান

**নিজস্ব প্রতিবেদক :** খুলনা রেঞ্জের অতিরিক্ত ডিআইজি হলেন ঝিনাইদহের সাবেক পুলিশ সুপার হাসানুজ্জামান। একযোগে পুলিশের ৫১ উর্ধ্বতন কর্মকর্তাকে বদলির মধ্যে তাকেও করা হয়েছে। রোববার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে পৃথক দুটি প্রজ্ঞাপনে এ তথ্য জানা গেছে। প্রজ্ঞাপন ২-এর পাতায় দেখুন

# ইতিহাস গড়ে ভারতের সাথে বাংলাদেশের জয়

**ক্রীড়া প্রতিবেদক :** মারুফা আক্তারের ও রাবেয়া খানের বোলিংয়ে তোপে ইতিহাসের প্রথম বারের মত ভারতের সাথে বাংলাদেশের ৪০ রানে জয়। এর আগে টি-টোয়েন্টিতে জয় লাভ করলেও ওয়ানডেতে কখনো জয় পায়নি বাংলাদেশ।

বৃষ্টিবিঘ্নিত সিরিজের প্রথম ওয়ানডেতে ভারতকে মামুলি লক্ষ্য ছুড়ে দিয়েছে লাল-সবুজের প্রতিনিধিরা। দুই ঘণ্টা খেলা বন্ধ থাকায় খেলার দৈর্ঘ্য কমে দাঁড়িয়েছিল ৪৪ ওভারে। সেখান থেকেই বাংলাদেশ ৪৩ ওভারে করে ১৫২ রান। জবাবে ব্যাট করতে নেমে ৪৪ রানেই চার উইকেট হারিয়ে ফেলে সফরকারীরা। স্মৃতি শ্রীনিবাস মন্ধনা করেন ১১ রান আর অধিনায়ক হারপিট কার করেন ৫ রান। ৪৪ রানে ৪ উইকেট হারিয়ে ধুকতে থাকা ভারতের মেয়েরা আর দাড়াতেই পারেনি বাংলাদেশের বোলারদের সামনে। ১০২ রানেই হারিয়ে ফেলে ৯ উইকেট। এরপর আর ১১যোগ করতেই ১১৩ রানে অলআউট হয়ে যায় ভারতীয় নারীরা। ভঅরতের মেয়েরা খেলেন ৩৬ ওভার। মারুফা নেন ৪টি উইকেট। রাবেয়া খান পান ৩টি উইকেট।

এর আগে শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে টসে হেরে ব্যাট করতে নেমে শুরুটা ধীরগতির করে বাংলাদেশ। ওপেনার মুর্শিদা খাতুন ও শারমিন আক্তার দেখেশুনে চালাতে থাকেন ব্যাট।

ইনিংসের অষ্টম ওভারে নিজেদের ভেতর ভুল বোঝাবুঝিতে রান আউটের শিকার হয়ে মাঠ ছাড়তে বাধ্য হন শারমিন। ১৮ বলে রানের খাতা খোলার আগেই সাজঘরে ফিরতে হয় তাকে।

দলের স্কোরবোর্ডে কোন রান যোগ করার আগেই অভিষিক্ত আমানজাত কৌরের প্রথম আন্তর্জাতিক উইকেটে পরিণত হন মুর্শিদা। আর তাতেই ১৪ রান তুলতেই নেই বাংলাদেশের দুই ওপেনার।

এরপর ফারজানা হক ও নিগার সুলতানা জ্যোতি শক্ত হাতে রুখে ২-এর পাতায় দেখুন



## শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একদিনে সফলভাবে ৬ সিজারিয়ান অপারেশন

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এখন চিকিৎসা সেবার রোল মডেল। জরুরি চিকিৎসার পাশাপাশি প্রায় সকল ধরণের রুগীর ২৪ ঘন্টা সেবা প্রদান করা হয়। শৈলকূপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিচালক ডা:রাশেদ আল ২-এর পাতায় দেখুন

## নিবন্ধন পাচ্ছে নতুন দুই দল বিএনএম ও বিএসপি

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন (বিএনএম) ও বাংলাদেশ সুপ্রিম পার্টি (বিএসপি) নামের দুটি রাজনৈতিক দলকে নিবন্ধন দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। আগামীকাল সোমবার এই দুই দলের বিষয়ে গণবিজ্ঞপ্তি জারি করা হবে।

২৬ জুলাই পর্যন্ত এই দল দুটির বিষয়ে কোনো আপত্তি থাকলে তা দাখিল করা যাবে। পরবর্তী সময় আপত্তি নিষ্পত্তি শেষে দল দুটিকে নিবন্ধন দেওয়ার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

গতকাল রোববার সকালে নির্বাচন কমিশনের বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠক শেষে ইসি সচিবালয়ের ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহ জেলা পর্যায়ে শিশু প্রতিযোগিতার পুরস্কার বিতরনী অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ জেলা পর্যায়ে শিশু প্রতিযোগিতার পুরুস্কার বিতরনী অনুষ্ঠিত হয়েছে। রোববার দিনব্যাপি শিশু একাডেমীতে শিক্ষা ও সাংস্কৃতি বিষয়ক প্রতিযোগিতা ও সরকারী উচ্চ বালক বিদ্যালয় মাঠে ক্রীড়া বিষয়ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিকালে বিভিন্ন প্রতিযোগিতার প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীদের মাঝে ২-এর পাতায় দেখুন

## বিএনপিকে মাইকিং করা থেকে বিরত থাকতে বললো ডিএমপি

**নিজস্ব প্রতিবেদক :** আগামী ১৮ ও ১৯ জুলাই বিএনপির পদযাত্রার কর্মসূচি উপলক্ষে দলটিকে মাইকিং করা থেকে বিরত থাকতে বলেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। জনসাধারণের বিরক্তি ও শব্দদূষণ রোধে মাইকিং থেকে বিরত থাকতে বলা হয়েছে বিএনপিকে।

ডিএমপি জানায়, জনসাধারণের বিরক্তি ও শব্দদূষণ রোধে বিএনপিকে মাইকিং করা থেকে বিরত থাকতে বলা হয়েছে। শনিবার (১৫ জুলাই) ডিএমপির পক্ষ থেকে বিএনপিকে এসংক্রান্ত একটি চিঠি দেওয়া হয়।

গতকাল রোববার ডিএমপির মিডিয়া অ্যান্ড ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে ভর্তুকি মুল্যে টিসিবির পণ্য বিক্রি শুরু

**নিজস্ব প্রতিবেদক-** ঝিনাইদহে ভর্তুকি মূল্যে খাদ্যপণ্য বিক্রি শুরু করেছে ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশ (টিসিবি)। রোববার সকালে শহরের হামদহ এলাকার পুলিশ লাইন্সের সামনে এ কার্যক্রমের উদ্বোধন করেন জেলা প্রশাসক এসএম রফিকুল ইসলাম।



সে সময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিন, জেলা তথ্য অফিসার আবু বক্কর সিদ্দিক, টিসিবি'র সহকারী পরিচালক আতিকুর রহমান, জেলা খাদ্য নিয়ন্ত্রক হাসান মিয়া, পৌরসভার কাউন্সিলর আরেফিন কায়সার, ডিলার মামুন হোসেন সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সংশ্লিষ্টরা জানায়, এবারও জেলার ৬ উপজেলায় ৪৩ জন ডিলারের মাধ্যমে ১ লাখ ২০ ২-এর পাতায় দেখুন

## কালীগঞ্জে মেহেদী হত্যা মামলার প্রধান আসামী সাদ্দাম গ্রেপ্তার

**কালীগঞ্জ প্রতিনিধি :** ঝিনাইদহের কালীগঞ্জে টাকা দেনদেনের ঘটনাকে কেন্দ্র করে এক ব্যক্তিকে গলা কেটে হত্যার ঘটনায় দায়েরকৃত মামলার প্রধান আসামী সাদ্দাম হোসেনকে গ্রেপ্তার করেছে র‍্যাব। রোববার ভোর সাড়ে ৪ টার দিকে ময়মনসিংহ জেলার ভালুকা থানা এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। সে ফয়লা গ্রামের মৃত তোফাজ্জেল হোসেনের ছেলে। ঐদিন বিকালে তাকে কালীগঞ্জ থানায় সোপর্দ করা হয়।




র‍্যাব-৬ ঝিনাইদহ ক্যাম্পের কমান্ডার স্কোয়াড্রন লীডার ইশতিয়াক হোসাইন জানান, চলতি মাসের ৮ তারিখ দিবাগত রাতে কালীগঞ্জ উপজেলার ২-এর পাতায় দেখুন

## শৈলকুপায় সরকারি অনুমোদন ছাড়াই যত্রতত্র গড়ে উঠেছে অবৈধ করাতকল



**শৈলকুপা প্রতিনিধি :** ঝিনাইদহের শৈলকুপায় সরকারি অনুমোদন ছাড়াই যত্রতত্র গড়ে উঠেছে অবৈধ করাতকল (স'মিল)। কোন নিয়মনীতি না মেনে এসব অবৈধ করাতকল চলছে আর প্রতিদিন সাবাড় হচ্ছে বনজ ফলজসহ নানা প্রজাতির গাছ। সেই সাথে সরকার প্রতিবছর হারাচ্ছে কয়েক লক্ষ টাকার রাজস্ব। রাতে দিনে সব সময় সচল থাকে এসব লাইসেন্স বিহিন করাতকল। এমন কিছু করাতকল আছে, আইনকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে বসবাসরত বাসাবাড়ির পাশে জোরপূর্বক স্থাপন করে ব্যবসা চালিয়ে যাচ্ছেন। কাঠ ফাঁড়াইয়ের প্রচন্ড শব্দে বসবাসরত ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহ জেলা পর্যায়ে শিশু প্রতিযোগিতায় ব্যাডমিন্টনে চ্যাম্পিয়ান হলো সাংবাদিক পুত্র কৌশিক

**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় শিশু প্রতিযোগিতা উপলক্ষে আয়োজিত ঝিনাইদহ জেলা পর্যায়ে ব্যাডমিন্টন প্রতিযোগিতায় চ্যাম্পিয়ান হয়েছে জুম্মাতুল মাজমাদার কৌশিক। রোববার সরকারী বালক বিদ্যালয়ের মাঠে ব্যাডমিন্টন এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। কৌশিক ২-এর পাতায় দেখুন


বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।


# পুলিশ প্রশাসনে নির্বাচনের হাওয়া ব্যাপক রদবদল!

**নিজস্ব প্রতিবেদক :** আসছে জাতীয় সংসদ নির্বাচনের আর মাত্র পাঁচ মাস বাকি। এই সময়ের মধ্যে জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে আবধ, সুষ্ঠু এবং নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সম্প্রতি পুলিশের উচ্চ পদস্থ ডিআইজি, অতিরিক্ত ডিআইজি, এসপি, ডিএমপির ডিসি পদে ব্যাপক রদবদল করা হচ্ছে বলে জানিয়েছে সূত্র। সূত্রটি বলছে, একটি অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ এবং অংশগ্রহণমূলক নির্বাচন অনুষ্ঠান করতে সরকার বদ্ধপরিকর। সেই লক্ষ্যে বাংলাদেশের পুলিশ প্রশাসনে এই ধরনের রদবদল করা হচ্ছে। একজন ডিআইজি, অতিরিক্ত ডিআইজি, এসপি বা ডিএমপির ডিসি একটি এলাকার আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে গুরুদায়িত্ব পালন করে থাকেন। তাই নির্বাচনের আগে পুলিশ প্রশাসনে বদলিকৃত ওই কর্মকর্তাদের ওই স্থানগুলোতে আসছে জাতীয় সংসদ নির্বাচনের আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পূর্ণ নিয়ন্ত্রণ করতে হবে। এ কারণেই পলিশে এ ধরনের রদবদল করা হচ্ছে।

গতকাল রোববার পুলিশের ১৬ জন ডিআইজি পর্যায়ের কর্মকর্তা এবং ৩৫ জন অতিরিক্ত ডিআইজি পর্যায়ের কর্মকর্তাসহ মোট ৫১ জন কর্মকর্তাকে বদলি করা হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে পৃথক দুটি প্রজ্ঞাপনে এই বদলি করা হয়। রাষ্ট্রপতির আদেশক্রমে প্রজ্ঞাপনে স্বাক্ষর করেন সিনিয়র সহকারী সচিব মো. মাহাবুর রহমান শেখ।

ডিআইজিদের বদলির প্রজ্ঞাপনে জানানো হয়, বদলি হওয়া কর্মকর্তাদের মধ্যে সিআইডির ডিআইজি মো. আবু কালাম সিদ্দিককে ট্যুরিস্ট পুলিশে, সিআইডির অতিরিক্ত ডিআইজি (বর্তমানে উপ-পুলিশ মহাপরিদর্শক পদে পদোন্নতিপ্রাপ্ত) এ কে এম নাহিদুল ইসলামকে সিআইডিতে, ডিএমপির যুগ্ম পুলিশ কমিশনার (উপ-পুলিশ মহাপরিদর্শক পদে পদোন্নতিপ্রাপ্ত) বিপ্লব বিজয় তালুকদারকে পুলিশ কমিশনার (ডিআইজি) রাজশাহী, বরিশাল রেঞ্জ ডিআইজি এস এম আক্তারুজ্জামানকে ঢাকা পুলিশ স্টাফ কলেজে, হাইওয়ে পুলিশের ডিআইজি মো. মোজাম্মেল হককে খুলনা মেট্রোপলিটন পুলিশ কমিশনার ও রাজশাহী মহানগরী পুলিশ কমিশনার মো. আনিসুর রহমানকে রাজশাহী রেঞ্জ ডিআইজি করা হয়েছে।

রাজশাহী রেঞ্জ ডিআইজি মো. আবদুল বাতেনকে রংপুর রেঞ্জ ডিআইজি, রংপুর রেঞ্জ ডিআইজি ২-এর পাতায় দেখুন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

# দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

সোমবার ১৭ জুলাই ২০২৩

# দেশ থেকে জনশক্তি রপ্তানি বাড়লেও দক্ষ কর্মী পাঠানোর পরিমাণ বাড়ছে না



**স্টাফ রিপোর্টার :** দেশ থেকে জনশক্তি রপ্তানি বাড়লেও দক্ষ কর্মী পাঠানোর পরিমাণ বাড়ছে না। আর দক্ষ কর্মী না হওয়ায় বাংলাদেশী অভিবাসীদের মাসিক আয় অন্যান্য দেশের তুলনায় অনেক কম। একজন বাংলাদেশী অভিবাসীর গড় মাসিক আয় ২০৩ দশমিক ৩৩ ডলার। অন্যদিকে ফিলিপাইনের একজন অভিবাসীর গড় মাসিক আয় ৫৬৪ দশমিক শূন্য ১ ডলার। বিগত ১৯৯১ সাল থেকে ২০২১ পর্যন্ত মোট ১ কোটি ২৯ লাখ ৬ হাজার ৪৬১ জনকে প্রবাসে গেছেন। কিন্তু তাদের মধ্যে ৩৩ দশমিক ৭২ শতাংশ দক্ষ, ১৪ দশমিক ৯৯ আংশিক দক্ষ এবং ৪৮ দশমিক শূন্য ৫ শতাংশ অদক্ষ জনশক্তি। বিগত চার দশকে সরকারকে দক্ষ জনশক্তির তুলনায় অদক্ষ জনশক্তিই বেশি রপ্তানি করতে হয়েছে। ফলে সংখ্যার দিক থেকে রপ্তানি বাড়লেও হার অনুযায়ী দক্ষ কর্মী পাঠানোর পরিমাণ বাড়ছেই না। বাংলাদেশ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়। সংশ্লিষ্ট সূত্র মতে, দক্ষতা অর্জনে বিদেশ গমনেচ্ছু কর্মীদের অনীহা, জাতীয় শিক্ষানীতির দুর্বলতা, পর্যাপ্ত প্রশিক্ষণ কেন্দ্র না থাকা, জনসচেতনতা ও প্রবাসী কর্মীদের নিয়ে সরকারের যথাযথ পরিকল্পনার অভাবেই জনশক্তিকে দক্ষ হিসেবে গড়ে তুলে বিদেশে পাঠানো সম্ভব হচ্ছে না। বিগত ১৯৯১ সালে ১ লাখ ৪৭ হাজার ১৫৬ জন জনশক্তি প্রেরণ করে বাংলাদেশ। তার মধ্যে ৩১ দশমিক ৮৭ শতাংশ দক্ষ, ২২ দশমিক ১৫ আংশিক দক্ষ ২-এর পাতায় দেখুন

## দামুড়হুদায় মোবাইল চুরির অপরাধে ৪৫ হাজার টাকা জরিমানা আদায়

**দামুড়হুদা প্রতিনিধি :** দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের ধান্যঘরা গ্রামে গত ১০ জুলাই জহিরের ছেলে বর্ষার বাড়ি থেকে একটি টাচ মোবাইল চুরি হয়।এ ঘটনায় দর্শনা থানায় একটি জিডি করা হয়। বৃহস্পতিবার সন্ধ্যা ৭ টার দিকে ধান্যঘরা গ্রামের আক্কাসের ছেলে শাওনকে অভিযুক্ত করে তারা ধাওয়া দিলে সে নিজে কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়িতে চলে এসে আশ্রয় গ্রহন করে।এসময় সে বলে আমি মোবাইল টি কবরস্থানের কাছে পড়ে পেয়েছি।।এসময় কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির ইনচার্জ এস আই ইমরান ও এ এস আই মসলেম স্থানীয় ইউপি সদস্য ফরহাদ হোসেনের উপস্থিতিতে জহির কে তার পিতার জিম্মায় দেয়া হয়। বিষয়টি দর্শনা থানা পুলিশকে অবহিত করে প্রয়োজনীয় আইনগত ব্যাবস্থা নেবার কথা বলেন। কিন্তু ফরহাদ মেম্বর দর্শনা থানাকে অবহিত না করে নিজেই সালিশ বসিয়ে ভয়ভীতি প্রদর্শন করে ৪৫ হাজার টাকা জরিমানা করেন।ও রাতেই তাকে বাধ্য করেন তার জমি বিক্রি করতে। এসময় একই গ্রামের আসানের ছেলে বাবুলের কাছে জমি বিক্রির বায়না নামক বাবদ ৪৫ হাজার টাকা নিয়ে তা কুড়ুলগাছি ৪ নং ওয়াড্রের ফরহাদ মেম্বরের হাতে টাকা তুলে দেন বলে জানান অভিযুক্ত শাওনের বাবা আক্কাস আলী।

স্থানীয় ইউপি সদস্য ফরহাদ শাহ বলেন, ২-এর পাতায় দেখুন

# দুর্ভোগ ও সময় কমিয়ে খুলনায় পাসপোর্ট সেবা প্রদানের পরামর্শ




**নিজস্ব প্রতিবেদক :** খুলনা জেলা উন্নয়ন সমন্বয় কমিটির জুলাই মাসের সভা গতকাল রবিবার সকালে জেলা প্রশাসক খন্দকার ইয়াসির আরেফীনের সভাপতিত্বে জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত হয়।

সিভিল সার্জন ডা: সুজাত আহমেদ সভায় জানান, খুলনায় ডেঙ্গু জ্বরের প্রকোপ রয়েছে। খুলনা জেনারেল হাসপাতাল ও সকল উপজেলা হাসপাতালে ডেঙ্গুতে আক্রান্ত রোগীদের চিকিৎসা ও রোগ নির্ণয়ের ব্যবস্থা রয়েছে। সভায় খুলনা মেট্রোপলিটন পুলিশের সহকারী কমিশনার এস এম বায়জীদ ইবনে আকবর জানান, মহানগরীর আইনশৃঙ্খলা পরিস্থিতি অতীতের যেকোন সময়ের ২-এর পাতায় দেখুন

## কোটচাঁদপুরে ১২ পিস ইয়াবাসহ মাদক ব্যবসায়ী আটক



**কোটচাঁদপুর প্রতিনিধি :** ঝিনাইদহ জেলার কোটচাঁদপুর পৌর শহরের খান আবাসিক হোটেলের ১১৮ নং রুম থেকে ১২ পিস ইয়াবাসহ আজনবী জীবন বিশ্বাস (২৮) নামের এক মাদক ব্যবসায়ী কে আটক করেছে কোটচাঁদপুর মডেল থানা পুলিশ।

শনিবার দুপুর ১.০০ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে এস,আই নাজিবুল সহ সঙ্গীয় ফোর্স অভিযান পরিচালনা করেন। আজনবী জীবন বিশ্বাস যশোর জেলার ২-এর পাতায় দেখুন

## কুষ্টিয়ায় লাশ উদ্ধার

**মোঃ হাবিবুর রহমান, কুষ্টিয়ার :** কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার দলুয়া হোসেন পুর মাঠ থেকে রাশিদুল ইসলাম (৪৫) নামে এক যুবকের লাশ উদ্ধার করেছে ভেড়ামারা থানা পুলিশ। রবিবার সকাল ৯টার সময় ঘটনার স্থান থেকে লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠায় পুলিশ।

স্থানীয়রা জানান, রাশিদুল ইসলাম দৌলতপুর উপজেলা হোগলবাড়িয়া ইউনিয়নের গাছের দিয়াড় নতুন পাড়া গ্রামের মৃত পিয়ার প্রামাণিকের ছেলে। গত কাল রাত ৯ টায় তার কর্মস্থল ২-এর পাতায় দেখুন




## চুয়াডাঙ্গার দর্শনায় ৪০ লিটার কেরুর বাংলামদসহ ১জন গ্রেফতার

**ইমরান হোসেন :** চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনার রামনগরে কাঠের দোকানে অভিযান চালিয়ে ৪০ লিটার কেরুর বাংলামদসহ একজনকে আটক করেছে দর্শনা থানা পুলিশ। গতকাল রাতে দর্শনা রামনগরে থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৪০ লিটার বাংলামদসহ বাদল শেখনামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে । গ্রেপ্তারকৃত বাদল শেখ দর্শনা পৌর এলাকার রামনগর গ্রামের মৃত হাযাত আলী ছেলে।

পুলিশ জানায়, দর্শনা পৌরসভার রামনগর মোড়ে একটি কাঠের দোকানে অভিযান চালায়। এসময় দোকানের ভিতরে ২-এর পাতায় দেখুন

## মেহেরপুর জেলা ইনোভেশন কমিটির সভা অনুষ্ঠিত




**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুর জেলা ইনোভেশন কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক শামীম হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, অতিরিক্ত পুলিশ সুপার আজমল হোসেন, মেহেরপুর পৌরসভার মেয়র মহফুজুর রহমান রিটন, এনএসআই এর উপ-পরিচালক মোঃ মিজানুর রহমান, জেলা আনসার কমান্ড্যান্ট সাহাদাত হোসেন, গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী শম্ভু রামপাল, আরএমও ডাঃ মোখলেছুর রহমান, ২-এর পাতায় দেখুন

## দামুড়হুদায় মোবাইল চুরির অপরাধে ৪৫ হাজার টাকা জরিমানা আদায়

**ইমরান হোসেন :** দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের ধান্যঘরা গ্রামে গত ১০ জুলাই জহিরের ছেলে বর্ষার বাড়ি থেকে একটি টাচ মোবাইল চুরি হয়। এ ঘটনায় দর্শনা থানায় একটি জিডি করা হয়। গত বৃহস্পতিবার সন্ধ্যা ৭ টার দিকে ধান্যঘরা গ্রামের আক্কাসের ছেলে শাওনকে অভিযুক্ত করে তারা ধাওয়া দিলে সে নিজে কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়িতে চলে এসে আশ্রয় গ্রহন করে। এসময় সে বলে আমি মোবাইল টি কবরস্থানের কাছে পড়ে পেয়েছি।। এসময় কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির ইনচার্জ এস আই ইমরান ও এ এস আই মসলেম স্থানীয় ইউপি সদস্য ফরহাদ হোসেনের উপস্থিতিতে জহিরকে তার পিতার জিম্মায় দেয়া ২-এর পাতায় দেখুন




## ঝিনাইদহে ব্লক ও বাটিকের ৫ দিন ব্যাপি প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে ব্লক ও বাটিকের উপর ৫ দিন ব্যপি প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করা হয়েছে। রোববার দুপুরে শহরের মর্ডান মোড়ে ওয়েব'র উদ্যোগে এসএমই ফাউন্ডেশনের সহযোগিতায় প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করে শেল্টার সমাজ কল্যাণ সংস্থা। এতে শেল্টার সমাজ কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক রোমেনা বেগমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা সমাজসেবা অফিসার আব্দুল হাই সিদ্দিক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়েব'র ট্রেনিং কো-অর্ডিনেটর রিনা কনা পাল, ঝিনাইদহ প্রেসক্লাবের সহ-সভাপতি ফয়সাল আহমেদ, শেল্টার সমাজ কল্যাণ সংস্থার উপ-পরিচালক শাহানুর রেজা, প্রোগ্রাম কো-অর্ডিনেটর রোকসানা ২-এর পাতায় দেখুন

## শৈলকুপার সারুটিয়া ফুটবল টিমকে ক্রীড়াসামগ্রী দিলেন সমাজসেবক উজ্জ্বল আলী



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের শৈলকুপায় বীরমুক্তিযোদ্ধা নুরে আলম সিদ্দিকী আন্ত:ইউনিয়ন ফুটবল টুর্নামেন্টে ২য় সেমিফাইনাল ম্যাচে হাকিমপুর ইউনিয়ন একাদশকে ৩-১ গোলের ব্যবধানে পরাজয় করে ফাইনালের টিকিট অর্জন করেছেন সারুটিয়া ইউনিয়ন একাদশ। এ বিজয়ের খবর ফেসবুকসহ বিভিন্ন অনলাইনে ছড়িয়ে পড়ে। সে খবরটি নজর কাড়ে উপজেলার সারুটিয়া ইউনিয়নের কৃতি সন্তান, বর্তমান সময়ের আলোচিত সমাজসেবক উজ্জ্বল,ওঅবিরাম উন্নয়ন বাংলাদেশ্ব সংগঠনের সভাপতি ও ঢাকা সিটি ইন্টারন্যাশনাল কলেজের প্রভাষক উজ্জ্বল আলীর। সারুটিয়া টিমের দারুণ এ সাফল্যে তাৎক্ষণিক তার ফেসবুক আইডিতে ক্রীড়াসামগ্রী প্রদানের ঘোষণা দেন তিনি। এমন ঘোষণার ২৪ ঘন্টা না যেতেই গতকাল বিকালে সারুটিয়া ফুটবল টিমকে একসেট জার্সি, একটি ফুটবল ও নগদ ২-এর পাতায় দেখুন



## আফ্রিকা থেকে লাশ হয়ে ফিরলেন গাংনীর শফিকুল

**মেহেরপুর প্রতিনিধি:** মায়ের কথা রাখতে ১৩ বছর পর বাড়ি আসবে বলে কথা দিয়েছিল ছেলে শফিকুল ইসলাম। এসে বিয়ে করে সংসার পাতবে। দরীদ্র পরিবারের ছেলে সুখ নামের সোনার হরিণ ধরার জন্য একের পর এক বিদেশ পাড়ি জমিয়েছিল শফিকুল। হ্যা শফিকুল ২-এর পাতায় দেখুন

## গাংনীতে ১৫ লক্ষাধিক টাকা হাতিয়ে লাপাত্তা এনজিও কর্মীরা




**গাংনী প্রতিনিধি:** মেহেরপুরের গাংনীর পোড়াপাড়া গ্রামে স্বল্প সুদে ঋণ দেয়ার প্রলোভন দিয়ে ১৫ লক্ষাধিক টাকা হাতিয়ে নিয়ে লাপাত্তা কয়েক ব্যক্তি। ফেয়ার সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতির পরিচয় দেয় তারা। ঋণ নিতে এসে অফিসে কোন লোকজন না পেয়ে ভুক্তভোগীরা মেহেরপুর সদর ও গাংনী থানায় পৃথক দুটি অভিযোগ দায়ের করেছেন। পুলিশ বলছে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। জানা গেছে, ফেয়ার সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতির পরিচয় দিয়ে গাড়াডোব পোড়াপাড়া গ্রামের কথিত কবিরাজ শাবানা ওরফে পানসির বাড়ি ভাড়া নেওয়ার কথা বলে আস্তানা গাড়ে চার ব্যক্তি। বাড়ি ভাড়ার চুক্তিনামা করার আলোচনার মধ্য দিয়ে কেটে যায় কয়েকদিন। শনিবার আনুষ্ঠানিকভাবে অফিস উদ্বোধন ও ঋণ বিতরণের কথা বলে কবিরাজ শাবানা ওরফে পানসির একটি বাড়ির সামনে তৈরী করা হয় গেট। অফিসে রাখা হয় ডেকোরেশন থেকে আনা কয়েকটি টেবিল। তার উপরে রাখা হয় কয়েকটি খালি ফাইল, ২-এর পাতায় দেখুন

## গায়ে কেরোসিন ঢেলে অগ্নিদগ্ধ সেই গৃহবধূর মৃত্যু

**নিজস্ব প্রতিবেদক :** 'স্বামী-শাশুড়ির নির্যাতন সহ্য করতে না পেরে' গায়ে কেরোসিন ঢেলে আগুনে দগ্ধ হওয়া গৃহবধূ রিতু আক্তার (৩০) চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। গত শনিবার সন্ধ্যা ৭টার দিকে রাজধানীর শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। নিহত রিতু মুন্সীগঞ্জ সদর উপজেলার আধারা ইউনিয়নের ভাসানচর মাঝিকান্দির আব্দুর রহিমের মেয়ে। স্বামী হেলাল সরকার (৪০) ও শাশুড়ি আলেয়া বেগমের নির্যাতন সইতে না পেরে রিতু গায়ে কেরোসিন ঢেলে আত্মহত্যার পথ বেছে নিয়েছে বলে অভিযোগ ২-এর পাতায় দেখুন



## গাংনীতে পেশাদার দুই ছাগল চোর আটক

**গাংনী প্রতিনিধি :** কখনো ইজিবাইক নিয়ে, কখনো মোটরসাইকেলে চড়ে ভিন্ন ভিন্ন পন্থায় বিভিন্ন এলাকায় ছাগল চুরি তাদের পেশা। দুজনেই প্যান্ট পরে ছাগল বিক্রি করতে গিয়ে জনতার হাতে আটক হয়েছেন পেশাদার দুই ছাগল চোর। ছাগল চোরদের স্থানীয় জনতা আটক করে তুলে দিলেন পুলিশে। আটক দুই চোর হলেন গাংনী উপজেলার রামদেবপুর গ্রামের আশাদুল ইসলামের ছেলে পারভেজ হোসেন (২০) ও ২-এর পাতায় দেখুন

## সরিষাবাড়ীতে জার্মানের স্পেশাল অলিম্পিকে স্বর্ণপদক প্রাপ্তদের সংবর্ধনা



**মাজহারুল ইসলাম শাওন, সরিষাবাড়ী :** জামালপুরের সরিষাবাড়ীতে জার্মানের বার্লিন থেকে স্পেশাল অলিম্পিকে স্বর্ণ ও রৌপ্য পদক বিজয়ী বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের ছয় শিক্ষার্থীকে সংবর্ধনা দেওয়া হয়েছে। শনিবার সন্ধ্যায় এলিন ট্রেড সেন্টার, এস এ কার্গো, ঐশী সিটি সেন্টার ও ইপশী শপিং কমপ্লেক্সের সত্ত্বাধিকারী আনিছুর রহমান এলিনের পক্ষ থেকে এ সংবর্ধনা অনুষ্ঠিত হয়। সংবর্ধিতরা হলেন- সুইড সরিষাবাড়ী বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের কৃতি শিক্ষার্থী শুয়াকৈর গ্রামের খলিলুর রহমানের ছেলে ফয়সাল আহমেদ, চর ধানাটা গ্রামের আব্দুল খালেকের মেয়ে খালেদা আক্তার, বগারপাড় গ্রামের রিপন তরফদারের মেয়ে রিয়া আক্তার, বিন্যাফৈর গ্রামের আমিনুর ইসলামের মেয়ে আর্জিনা আক্তার, কাওয়ামাড়া গ্রামের স্বপন চন্দ্র দাসের মেয়ে রিতা রাণী দাস, দামোদুর গ্রামের ময়নাল ময়নাল মিয়ার ছেলে সাগর আলী এবং বিদ্যালয়ের প্রধান ২-এর পাতায় দেখুন

## গাংনীতে মোটরসাইকেল রেস খেলতে গিয়ে দুই যুবক আহত



**গাংনী প্রতিনিধি :** মেহেরপুরের গাংনী উপজেলার কাজীপুর ইউনিয়নের সাহেবনগর গ্রামে দুবন্ধু মোটরসাইকেল রেস (পাল্লাপাল্লি) খেলতে গিয়ে দুর্ঘটনার শিকার হয়েছেন। এসময় রাস্তার পাশে থাকা গাছের সাথে মোটরসাইকেলের ধাক্কা লেগে জয় হোসেন (১৮) নামের এক যুবকের হাতের হাড় ভেঙ্গে বিচ্ছিন্ন হয়ে গাছের ভিতরে ঢুকে পড়ে। ফলে জয় হোসেন গুরুতরভাবে আহত হন। সেই সাথে তার বন্ধু শুভ মিয়াও আহত হয়েছেন। পথচারীরা তাদের উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল নিয়েছেন। তবে জয়ের শারীরিক অবস্থার অবনতি হওয়ায় সেখান তাকে ঢাকায় নেয়া হচ্ছে। আহত জয় কাজীপুর গ্রামের হাজীপাড়ার স্বপন মিয়ার ২-এর পাতায় দেখুন



## ইবিতে দুই পদে নতুন মুখ

**রানা আহম্মেদ অভি, ইবি :** ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) নতুন ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী হিসাবে এ.কে. এম শরীফ উদ্দীন এবং শারীরিক শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত পরিচালক হিসাবে শাহ্ আলমকে নিয়োগ দেওয়া হয়েছে। রবিবার বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এইচ. এম আলী হাসান এ তথ্য নিশ্চিত করেছে। সূত্রে জানা যায়, তাঁদের উভয়কে গতকাল ১৫ জুলাই হতে আগামী পুনরাদেশ না দেওয়া পর্যন্ত দায়িত্ব দেওয়া হয়েছে। স্ব স্ব পদে দায়িত্ব পালনের জন্য তারা উভয়ে বিধি মোতাবেক সুবিধাদি প্রাপ্ত হবেন।

এ বিষয়ে ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এইচ. এম. ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী) সম্পাদক ও প্রকাশক : আলী কদর পলাশ, ভারপ্রাপ্ত সম্পাদক : তানভীর হাসান (জিসান হাই),ব্যবস্থাপনা সম্পাদক : আশরাফুল আলম চঞ্চল, নির্বাহী সম্পাদক : তুহিন আরণ্য
সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

## বন্যা পরিস্থিতির অবনতি ও আমাদের প্রস্তুতি

দিন দিন ফুঁসে উঠছে নদনদী। কোথাও কোথাও তা বিপৎসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। কয়েক দিন বৃষ্টি কম হওয়ায় দেশের বন্যা পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছিল। এখন আবার নতুন করে উজানে ভারি বৃষ্টি শুরু হয়েছে। একই সঙ্গে সিলেট, সুনামগঞ্জেও ভারি বৃষ্টি হওয়ায় আবার বন্যা পরিস্থিতির অবনতি ঘটেছে। এছাড়া নীলফামারী, লালমনিরহাট ও নেত্রকোনার বন্যা পরিস্থিতির উন্নতি হয়নি। এসব জেলায় হাজার হাজার পরিবার পানিবন্দি। শুধু কুড়িগ্রামেই প্রায় ৫০ হাজার মানুষ পানিবন্দি হয়ে পড়েছে। ভারি বৃষ্টিতে ব্রহ্মপুত্র, যমুনা ও পদ্মাসহ দেশের উত্তর-পূর্বাঞ্চলের প্রধান নদনদীগুলোর পানি বাড়ছে। এদিকে তিস্তা, ধরলা ও দুধকুমার নদনদীর পানি দ্রুত বাড়তে পারে বলে শঙ্কা প্রকাশ করেছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। দেশের উত্তর-পূর্ব ও মধ্যাঞ্চলে পানি বাড়ছে প্রতি মুহূর্তে। এবার বন্যা ভয়াবহ রূপ নিতে পারে বলে শঙ্কা প্রকাশ করা হয়েছে বিভিন্ন আবহাওয়া পূর্বাভাসে। এটা আমাদের জন্য শঙ্কার ব্যাপার বৈকি। পরিস্থিতি মোকাবিলায় সরকার ও সংশ্লিষ্টদের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ জরুরি। এদিকে পানি বেড়ে যাওয়ার পাশাপাশি শুরু হয়েছে নদীভাঙন। হঠাৎ নদীর পানি বেড়ে যাওয়ায় নদীর কূল উপচে চরাঞ্চলের নিম্নাঞ্চলে প্রবেশ করছে। এতে ফসলি জমি তলিয়ে যাচ্ছে। পানি বৃদ্ধি অব্যাহত থাকায় নদী পাড়ের মানুষের মধ্যে শঙ্কা ক্রমেই বাড়ছে। চরাঞ্চলে যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ ভেঙে পড়েছে। সেখানকার ঘরবাড়ি পানির নিচে। দেখা দিয়েছে বিশুদ্ধ পানি ও খাবার সংকট। ডায়রিয়াসহ পানিবাহিত রোগের লক্ষণ এখনো দেখা না গেলেও অচিরেই আক্রান্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। নদী খনন ও শুষ্ক মৌসুমে পরিকল্পিতভাবে সংস্কার কাজ না করাসহ ওয়াপদা ও পানি উন্নয়ন বোর্ডের গাফিলতির জন্য তাদের এমন অনাকাঙ্ক্ষিত দুর্ভোগ বলে মনে করছেন ক্ষতিগ্রস্তরা। বছর বছর ভেঙে যাওয়া নদীতীর রক্ষা বাঁধগুলোর সংস্কার করা কিংবা স্থায়ীভাবে বাঁধের কাজ না করায় তাদের এই চরম খেসারত দিতে হচ্ছে। দেশের উত্তর-পূর্বাঞ্চলে নদনদীর পানি উপচে বন্যার পদধ্বনি কেবল নয়, এমন পরিস্থিতি আমাদের জন্য দুর্ভাবনার। সামনে ভয়াবহ বন্যার যে আশঙ্কা করা হচ্ছে, তা আমলে নিয়েই সরকারের এখন থেকে পরিস্থিতি মোকাবিলায় ব্যবস্থা নেয়া উচিত। বন্যার মতো প্রাকৃতিক দুর্যোগ এড়ানো আমাদের সাধ্যাধীন নয়। তবে যথাযথ প্রস্তুতি নিলে মানুষের দুর্ভোগ, ক্ষয়ক্ষতি নিশ্চয় নিয়ন্ত্রণে রাখা সম্ভব। নদী ভরাট হওয়ার কারণে যেমন বেড়েছে ভাঙন, তেমনি সামান্য ঢলে দুকূল উপচে আকস্মিক বন্যা ঘটায়। নদনদীর নাব্য রক্ষা করে একদিকে যেমন বন্যার মাত্রা নিয়ন্ত্রণ করা সম্ভব, তেমনি সম্ভব ভাঙন ঠেকানো। আমরা জানি ড্রেজিং নিয়ে সরকারের 'মহাপরিকল্পনা' রয়েছে। কিন্তু বাস্তবায়নের খুব বেশি অগ্রগতি দেখা যাচ্ছে না। বন্যার সময় বাঁধ একটা বড় আশ্রয়স্থল। যেভাবে বাঁধ ভাঙছে, তাতে সব বাঁধকে এখন নিরাপদ আশ্রয় মনে করা যাচ্ছে না। তারপর রয়েছে খাদ্য সংকট। আমরা আশা করছি, বন্যার্তদের জন্য পর্যাপ্ত খাদ্য সহায়তা দেয়ার সংস্থান করবে সরকার। বিশুদ্ধ পানি, ওষুধপত্র এবং চিকিৎসাসেবাও প্রস্তুত রাখা দরকার। সরকার ও প্রশাসন এ বিষয়ে সচেতনতা ও দায়িত্বশীলতার পরিচয় দেবে, এটাই আমরা প্রত্যাশা করি।

## খুলনা রেঞ্জের অতিরিক্ত ডিআইজি

দুটিতে রাষ্ট্রপতির আদেশক্রমে সিনিয়র সহকারী সচিব মো. মাহবুর রহমান স্বাক্ষর করেছেন। জনস্বার্থে এই আদেশ অবিলম্বে কার্যকর হবে বলে প্রজ্ঞাপনে উল্লেখ আছে। পুলিশ অধিদপ্তর থেকে হাসানুজ্জামানকে খুলনা রেঞ্জের অতিরিক্ত ডিআইজি হিসেবে পদায়ন করা হয়েছে।

হাসানুজ্জামান ঝিনাইদহের কর্মরত সময়ে সুনামের সাথে কাজ করেছেন। মাদক, সন্ত্রাস রোধে অক্লান্ত পরিশ্রম করেছিলেন তিনি। করোনাকালীন সময়ে গভীর রাতে মানুষের বাড়িতে বাড়িতে গিয়ে খাবার পৌঁছে দিয়েছেন তিনি। মানবিক পুলিশ গড়তে তার অবদান ছিলো অনস্বীকার্য। ভালো কাজ ও ভালো ব্যবহারে কারণে ঝিনাইদহ বাসী এখনও তার কথা মনে রেখেছে। খুলনা বিভাগের অতিরিক্ত ডিআইজি হিসেবে পদায়ন হওয়ায় তার উত্তোরোত্তর সাফল্য কামনা করেছেন ঝিনাইদহের সর্বস্তরের মানুষ।

## গাংনীতে মোটরসাইকেল রেস

ছেলে। এবং আহত তার বন্ধু শুভ হোসেন (১৮) কাজীপুর মধ্যপাড়ার বাসিন্দা।

রবিবার দুপুর সাড়ে ১২টার দিকে কাজীপুর-বামন্দী সড়কের সাহেবনগর গ্রামের তালতলা নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। স্থানীয়রা জানান, জয় ও তার বন্ধু শুভ নিজ নিজ মোটরসাইকেল নিয়ে রেস (পাল্লাপাল্লি) দিচ্ছিলেন। এসময় দুটির মোটরসাইকেলের সাথে ধাক্কা লেগে ছিটকে পড়ে রাস্তার পাশে থাকা একটি গাছের সাথে জয়ের ধাক্কা লাগে। এবং শুভ সড়কে ছিটকে পড়েন। জয়ের একটি হাতের হাড় ভেঙ্গে বিচ্ছিন্ন হয়ে গাছের মধ্যে ঢুকে পড়ে। ফলে দুবন্ধুই আহত হন। পথচারীরা তাদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন।

## শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে

মামুন দায়িত্ব ভার গ্রহনের পর থেকে ছোট পরিসরে সিজারিয়ান অপারেশন করা শুরু হয়। এখন থেকে প্রতি সপ্তাহের রবিবার, মঙ্গলবার ও বৃহস্পতিবার সম্পূর্ণ বিনামূল্যে সিজারিয়ান অপারেশন করা হয়। প্রতি মাসে গড়ে ৩০/৪০ জন গর্ভবতী মায়েদের সিজারিয়ান অপারেশন করা হয়। এরই ধারাবাহিকতাই, রবিবার ৬ জন গর্ভবতী মায়ের সিজারিয়ান অপারেশন সফল ভাবে শেষ করা হয়? এখন ৬ জন মা ও তাদের শিশুরা সুস্থ আছে।

সোহেল নামের এক যুবক বলেন, তিনি গরীব মানুষ বাইরে সিজার করতে প্রায় ২০/৩০ হাজার টাকা খরচ হয়। তবে হাসপাতালে ওষুধ খরচ ছাড়া আর কোন খরচ লাগেনি। ডাক্তারের ব্যবহার খুব ভাল। হাসপাতালে বিনামূল্যে গর্ভবতী নারীদের সিজার করার ব্যবস্থা হওয়ায় শৈলকুপা বাসীর খুব উপকার হয়েছে। বিশেষ প্রয়োজনে রুগীদের পরিচয় গোপন রাখা হলো।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ রাশেদ আল মামুন বলেন, আমি যতদিন শৈলকুপায় আছি ততদিন শৈলকুপা বাসীর স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য কাজ করে যাবো। হাসপাতালের অবকাঠামোগত কিছু সমস্যা রয়েছে, নতুন ভবন নির্মাণ কাজ শেষ হলে রাস্তা, ড্রেন ও ২৪ ঘন্টা বিদ্যুৎ এর ব্যবস্থা সহ সকল অবকাঠামোর উন্নয়ন হবে। ডাঃ রাশেদ আল মামুন বলেন জরুরি চিকিৎসা সেবার জন্য ও সিজারিয়ান অপারেশন ও নরমাল ডেলিভারির জন্য শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসুন শতভাগ বিনামূল্যে চিকিৎসা সেবা গ্রহন করুন।

## ঝিনাইদহ জেলা পর্যায়ে শিশু

পুরস্কার বিতরন করা হয়। বিজয়ীদের মাঝে পুরুস্কার বিতরন করেন ঝিনাইদহ জেলা শিশু বিষয়ক কর্মকর্তা মোঃ আয়ুব হোসেন, ঝিনাইদহ জেলা তথ্য অফিসার মোঃ আবুবকর সিদ্দীক ও ঝিনাইদহ জেলা রিপোর্টাস ইউনিটির সভাপতি এমএ কবির।

## বিএনপিকে মাইকিং করা থেকে

পাবলিক রিলেশনস বিভাগের উপকমিশনার (ডিসি) ফারুক হোসেন গণমাধ্যমকে এ চিঠির বিষয়টি নিশ্চিত করেছেন। ডিএমপি জানায়, আগামী ১৮ ও ১৯ জুলাই পদযাত্রা কর্মসূচি পালন করবে বিএনপি। এ পদযাত্রার প্রচারণার জন্য ১৬ ও ১৭ জুলাই ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির ওয়ার্ডে ওয়ার্ডে মাইকিং করার অনুমতি চেয়ে ডিএমপিতে আবেদন করেছিলেন ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির সদস্য ও দপ্তরের চলতি দায়িত্বে থাকা সাইদুর রহমান মিন্টু। তার এ আবেদনের পরিপ্রেক্ষিতে ডিএমপি চিঠি দিয়ে মাইকিং করা থেকে দলটিকে বিরত থাকতে বলে। ডিএমপির চিঠিতে বলা হয়, ঢাকা মহানগরী পুলিশ অধ্যাদেশ ১৯৭৬-এর ৩১ বিধি অনুযায়ী মহানগরীর জনসাধারণের বিরক্তিসহ শব্দদূষণ রোধকল্পে মাইক্রোফোন, লাউড স্পিকার বা অন্য কোনো শব্দ জোরদার করার জন্য ব্যবহৃত যন্ত্র (মাইকিং) নিষিদ্ধ, সীমিত ও নিয়ন্ত্রণ করার ক্ষমতা ডিএমপি কমিশনারের রয়েছে।

## ঝিনাইদহে ভর্তুকি মুল্যে

হাজার ১৩৩ জন ফ্যামিলি কার্ডধারী নিম্ন আয়ের পরিবারের মাঝে এসব পণ্য বিক্রি করা হবে। প্রতিটি ফ্যামিলি কার্ডে ৪৭০ টাকায় ২ কেজি মসুরের ডাল ও ২ লিটার সয়াবিন তেল ও ৫ কেজি চাউল মিলবে। এবার পণ্যে চাউল যুক্ত করায় খুশি হতদরিদ্র সুবিধাভোগীরা।

## ঝিনাইদহ জেলা পর্যায়ে শিশু

২০২৩ সালের শিশু প্রতিযোগিতায় চ্যাম্পিয়ান হয়। সে ঝিনাইদহ সরকারী বালক উচ্চ বিদ্যালয়ের ৮ম শ্রেণীর প্রভাতী শাখার ছাত্র। কৌশিক সকলের নিকট দোয়া প্রার্থী। সবার তার জন্য দোয়া করবেন যে যেন বিভাগীয় থেকে জাতীয় পর্যায়ে যাওয়ার গৌরব অর্জন করতে পারে। কৌশিক দৃ ডেইলি অবজারভার পত্রিকার ডিস্ট্রিক্ট করেসপনডেন্ট জাফর উদ্দীন রাজু ও ঝিনাইদহ সদর উপজেলার হীরাডাঙ্গা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক কোহিনুর খাতুনের বড় ছেলে।

## শৈলকুপায় সরকারি অনুমোদন

শিক্ষার্থী শিশু বৃদ্ধরা চরম উৎকণ্ঠায় জীবন যাপন করেন। কোনভাবেই লাগাম টেনে ধরা সম্ভব হচ্ছেনা বেপরোয়া এসব অবৈধ করাতকল মালিকদের। বড়ধরণের পরিবেশ বিপর্যয়ের আশংকা করছেন স্থানীয়রা। তাই দ্রুত এসব অবৈধ করাতকল অপসারন ও আইনের আওতায় আনারও দাবি আসপাশে বসবাসরত ভুক্তভোগীদের। ঘটনাটি ঘটনাটি ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলা জুড়ে। এ উপজেলায় সরেজমিনে দেখা যায় প্রায় ৫৫ টি করাতকল আছে, যারমধ্যে পৌর এলাকার মধ্যেই ৮ টি করাতকল রয়েছে। পুরাতন দুধবাজার মোড়ে খবির উদ্দিন নামে একজন অবৈধভাবে একটি করাতকল পরিচালনা করেন, কিন্তু তার কোন বৈধ কাগজ পত্র নেই। তাহার করাতকল সংলগ্ন চারপাশেই বাসাবাড়ি, অভিযোগও আছে বসবাসরতদের। চলতি বছরের মার্চ মাসে একটি অভিযানে শৈলকুপা ভূমি কর্মকর্তা পার্থপ্রতিম শীল ৩০০০ টাকা জরিমানা এবং বিদ্যুৎ বিচ্ছিন্ন করেন এই করাতকলের। তাৎক্ষনিক করাতকল মালিক খবির উদ্দিন ক্ষমা ও সময় দাবি করলে ভূমি কর্মকর্তা খবির উদ্দিনকে ১৫ দিনের মধ্যে করাতকলটি উক্ত স্থান থেকে সরিয়ে নেওয়ার নির্দেশ দেন। ৮/৯ মাস গড়িয়ে গেলেও খবিউদ্দিন তার করাতকলটি সরিয়ে নেননি। জানা যায় পার্থপ্রতিম শীল ঐদিন আরও ৪ টি অবৈধ করাতকলে একই ভাবে জরিমানা ও কাগজ পত্র করার জন্য নির্দেশ দেন ফায়ার সার্ভিসের পাশে অবস্থিত করাতকলের মালিক রেজাউল, গাড়াগঞ্জ লোহার ব্রিজের পাশে কুমার নদের যায়গা দখলকারী করাতকলের মালিক মোস্তাক মিয়া, ও গাড়াগঞ্জ বাজারে অবস্থিত হাসান সমিল ও আঃ আজিজের করাতকলের। অদ্যাবধি এই ৫ টি করাতকল সহ কোন মালিক পক্ষই এই নির্বাহী ম্যাজিট্রেট মহোদয়ের নির্দেশন পালন করেননি। প্রকাশ থাকে যে, উপজেলা জুড়ে প্রায় ৫৫ টি করাতকলের ব্যাঙের ছাতার ন্যায় গড়ে উঠেছে। খোঁজ নিয়ে জানা যায় ৫০ টি করাতকলের কোন বৈধ কাগজ পত্র নাই। উপজেলার কাতলাগাড়ি বাজারে করাতকল মালিক লিপু, তিনিও অবৈধভাবে ক্যানেলের সরকারি যায়গা দখল করে কাঠের গুঁড়ি ফেলে প্রতিবন্ধকতা সৃষ্টি করছেন। কবিরপুর হাসপাতাল রোডে মামুন নামে একজন করাতকল সহ রাস্তা জুড়ে কাঠের ঘর সহ গুঁড়ি ফেলে সদর রাস্তা সংকির্ন করে রেখেছেন, যার একপাশে হাসপাতাল আরেকপাশে খাদ্যগুদাম মাঝখানে উক্ত মামুনের করাতকল। সম্প্রতি ঐ রোডে মাসুদ নামের একজনের ব্যবসা প্রতিষ্ঠানে আগুন লাগলে যানজটের কারণে ফায়ার সার্ভিসের গাড়ি বিলম্বে পৌঁছানোর কারণে মাছুদের ব্যবসা প্রতিষ্ঠান বাসাবাড়ির সর্বস্ব পুড়ে শেষ হয়ে যায়। এসব অবৈধ করাতকলের বিরুদ্ধে অনেকেই শৈলকুপা উপজেলা বন কর্মকর্তা ( ফরেস্টার) মকলেসুর রহমান খানকে মৌখিক ভাবে বারবার অভিযোগ করলেও উনি সুকৌশলে এড়িয়ে যাচ্ছেন। উল্লেখ্য বিগত ২৯/১১/২১ তারিখে পত্র নং ২২.০১.৪১০০.৩২৯.৩৭.০০২.২০২১/২১৭৯ সুত্র পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের স্বারক নং ২২.০০.০০০০.০৫১.১৬.০০৫.২১.৪২৬ তারিক ১০/১০/২০২১ খ্রিঃ। প্রধান বন সংরক্ষক,বন অধিদপ্তর, ঢাকার স্মারকনং ২২.০১.০০০০.০১১.০২(পার্ট-৩) , ২০২১.৫১৯ তারিখ ১৩/১০/২০২১ খ্রিঃ,, বিভাগীও বন কর্মকর্তা মোঃ সাজ্জাদুজ্জামানের স্বাক্ষরিত অবৈধ করাতকল উচ্ছেদের একটি আদেশ শৈলকুপার ফরেস্টার মোকলেসুর রহমানের নিকট থাকলেও উনি তা উপেক্ষা করে চলেছেন।

## দুর্ভোগ ও সময় কমিয়ে খুলনায়

চেয়ে ভালো অবস্থায় রয়েছে। জনসচেতনতা বৃদ্ধি ও অপরাধ নিয়ন্ত্রণে বিট পুলিশিং ও উঠান বৈঠক চলমান আছে। মহানগরীতে সাধারণ মানুষের বিনোদনের জন্য পার্ক বা উন্মুক্ত স্থানের ঘাটতি রয়েছে। মানুষের জন্য সুস্থ বিনোদনের সুযোগ সৃষ্টি করা প্রয়োজন।

ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ওয়ালিদ বিন হাবিব সভায় জানান, দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ ও মানসম্মত পণ্য বাজারজাতকরণ নিশ্চিতে সংশ্লিষ্ট দপ্তর বিগত মাসে চারটি বাজার তদারকি অভিযান পরিচালনা করেছে ও ৭০ হাজার টাকা জরিমানা আদায় করেছে। এছাড়া ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় কার্যালয়ের অধীনে অনুরূপ ১৪টি অভিযান পরিচালিত হয়েছে।

সভাপতির বক্তৃতায় জেলা প্রশাসক বলেন, খুলনা পাসপোর্ট অফিসে সেবা প্রত্যাশীদের আরও কমসময়ে ও দুর্ভোগ কমিয়ে সেবা প্রদানের চেষ্টা করতে হবে। খুলনায় সম্প্রতি জনসংখ্যা বৃদ্ধির হার বাড়ছে, যা নিয়ন্ত্রণে পরিবার পরিকল্পনা দপ্তরকে মাঠপর্যায়ে আরও সক্রিয় হয়ে মোটিভেশনাল কার্যক্রম চালাতে হবে। আগামী জাতীয় সংসদ নির্বাচনের সম্ভাব্য ভোট কেন্দ্রগুলো পরিদর্শন করে অবকাঠামোগত কোন সীমাবদ্ধ আছে কিনা সে বিষয়ে প্রতিবেদন দিতে উপজেলা নির্বাহী অফিসারদের নির্দেশনা দেন জেলা প্রশাসক। সভায় খুলনা জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা রেবেকা খান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) পুলক কুমার মন্ডল, অতিরিক্ত পুলিশ সুপার সুশান্ত সরকার, সরকারি কর্মকর্তা, উপজেলা চেয়ারম্যান, ইউএনওসহ কমিটির সদস্যরা উপস্থিত ছিলেন।

## কুষ্টিয়ায় লাশ উদ্ধার

ভেড়ামারার ১২ মাইলে অবস্থিত আলামিন জুট মিল থেকে বাড়ীর উদ্দেশ্য বের হয়। কিন্তু রাতে বাড়ী ফিরে নাই। সকালে খবর পায় হোসেন পুর মাঠে রাশিদুলের লাশ পড়ে রযেছে। পরিবারের লোকজন সহ স্থানীরা সেখানে গিয়ে পুলিশকে খবর দেওয়ার পর পুলিশ তাকে উদ্ধার করে।

এই বিষয়ে দৌলতপুর থানা ভেড়ামারা থানার অতিরিক্ত পুলিশ সুপার মুরাদ মিয়া, ঘটনার তথ্য নিশ্চিত করে তিনি জানান এই ব্যপারে তদন্ত চলছে। তদন্ত শেষে ঘটনার বিস্তারিত জানা যাবে।

## কোটচাঁদপুরে ১২ পিস ইয়াবাসহ

কোতোয়ালী থানার লোন অফিস পাড়ার আহম্মেদ বিশ্বাসের এর ছেলে।

রবিবার সকালে মাদক মামলায় কোর্ট হাজতে প্রেরণ করা হয়েছে বলে নিশ্চিত করেছেন মডেল থানার অফিসার ইনচার্জ জনাব মোঃ মঈন উদ্দিন।

## ঝিনাইদহে ব্লক ও বাটিকের ৫ দিন

আক্তার। প্রশিক্ষণ প্রদান করেন ওয়েব'র প্রশিক্ষক আনোয়ারা বেগম। প্রশিক্ষণে অংশ নেয় সদর উপজেলার ৩০ জন ক্ষুদ্র নারী উদ্দোক্তা। আগামী বৃহস্পতিবার পর্যন্ত চলবে এ প্রশিক্ষণ।

## দামুড়হুদায় মোবাইল চুরির অপরাধে

হয়। বিষয়টি দর্শনা থানা পুলিশকে অবহিত করে প্রয়োজনীয় আইনগত ব্যাবস্থা নেবার কথা বলেন। কিন্তু ফরহাদ মেম্বর দর্শনা থানাকে অবহিত না করে নিজেই সালিশ বসিয়ে ভয়ভীতি প্রদর্শন করে ৪৫ হাজার টাকা জরিমানা করেন। ও রাতেই তাকে বাধ্য করেন তার জমি বিক্রি করতে। এসময় একই গ্রামের আসানের ছেলে বাবুলের কাছে জমি বিক্রির বায়না নামক বাবদ ৪৫ হাজার টাকা নিয়ে তা কুড়ুলগাছি ৪ নং ওয়ার্ডের ফরহাদ মেম্বরের হাতে টাকা তুলে দেন বলে জানান অভিযুক্ত শাওনের বাবা আক্কাস আলী।

স্থানীয় ইউপি সদস্য ফরহাদ শাহ বলেন, সে একজন চিহ্নিত চোর তাই তার বিচার করা হয়েছে। তবে টাকার বিষয়ে কোন কথা বলতে রাজি হয়নি।

এ বিষয়ে দর্শনা থানার এস আই তাইফুর বলেন, যেহেতু জিডি হয়েছে হারানো, চুরির কোন জিডি হয়নি বিধায় মোবাইল পেয়েছে সে মালিক তাকে বুঝিয়ে দেওয়া হোক। এখানে জরিমানার কিছু নেই।

দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদের সঙ্গে সাথে কথা বললে তিনি জানান কেন টাকা দিবে? টাকা না দেবার জন্য তাদের কে বলেন। স্থানীয় অনেকে বলেন, যে বিচার করা হয়েছে তা খুবই অমানবিক।রাতেই একজনের ভিটা জমি বিক্রি করতে বাধ্য করে টাকা আদায়। এটি সুস্পষ্ট মানবাধিকার লজ্ঘন।

## মেহেরপুর জেলা ইনোভেশন কমিটির

মেহেরপুর টিটিসি'র অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার, মেহেরপুর সরকারি কলেজের উপাধ্যক্ষ প্রফেসর আব্দুর রাজ্জাক, বিআরডিবির উপ-পরিচালক জাকিরুল ইসলাম,জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নীলা হাফিয়া, জেলা নির্বাচন কর্মকর্তা ওয়ালিউল্লাহ, জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি, জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, জেল সুপার মনির হোসেন, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্বাস উদ্দিন,জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ভুপেষ রন্জন রায়। এছাড়াও মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা কাজী নাজিব হাসান, গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা সাজিয়া সিদ্দিকা সেতু,মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনীর, জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক আব্দুস রাজ্জাক, জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সাইদুর রহমান, জেলা মৎস্য কর্মকর্তার রোকনুজ্জামান প্রমূখ।

## চুয়াডাঙ্গার দর্শনায় ৪০ লিটার

হতে অবৈধ মাদকদ্রব্য ৪০ লিটার কেরুর বাংলা মদ পাওয়া যায়।

উল্লেখ্য একমাস পূর্বে জুলফিকারকে চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তের ভ্রাম্যমাণ আদালত ২০ লিটার বাংলা মদসহ আটক করে ১৫ দিনের বিনাশ্রম কারাদন্ড দিয়েছিলো। গ্রেপ্তারকৃত বাদলের বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

## শৈলকুপার সারুটিয়া ফুটবল টিমকে

অর্থ তুলে দেন। এসময় সারুটিয়া ফুটবল টিমের সকল খেলোয়াড়, টিম ম্যানেমেন্টবৃন্দ সহ গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। তাৎক্ষণিকভাবে ক্রীড়া সামগ্রী উপহার দেওয়ায় উজ্জল আলীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন খেলোয়াড় ও টিম ম্যানেজমেন্ট। এসময় তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় সমাজসেবক ও প্রভাষক উজ্জ্বল আলী বলেন, আমি মধ্যবিত্ত পরিবারের সন্তান, ঢাবিতে পড়াকালীন ও বর্তমানে সময়ে পেশাকালীন সময়ে জ্ঞানীগুণীদের থেকে শিখেছি কিভাবে মানুষের পাশে দাড়াতে হয়, সেই উপলব্ধি থেকেই এমন ঘোষণা। তাছাড়াও আমার ইউনিয়ন জয়লাভ করেছে এমন সংবাদে আমি ভীষণ খুশী, খেলোয়াড়রা যাতে অনেক উজ্জীবিত হতে পারে ও সর্বোচ্চ দিয়ে ফাইনালে নান্দনিক খেলা উপহার দিতে পারে, সেজন্যই মুলত ক্রীড়াসামগ্রী প্রদান। অর্থ থাকলেই মানুষের পাশে দাড়ানো যায় না, পাশে দাড়াতে লাগে মানসিক স্বদিচ্ছা। সেটিও আমি বুঝি। মৃত্যুর পর সবকিছু থেকে যাবে, তবে আপনার সৎকর্ম কিয়ামত পর্যন্ত মানুষের মুখে মুখে রয়ে যাবে বলেও উল্লেখ করেন। ভবিষ্যতেও এ ধারা সর্বক্ষেত্রে অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

## আফ্রিকা থেকে লাশ হয়ে ফিরলেন

ফিরে এসেছে মায়ের কাছে তবে জিবন্ত নয়, লাশ হয়ে। আজ রোববার সকালে তার লাশ তার গ্রামের বাড়ি মেহেরপুরের গাংনীর কাষ্টদহ গ্রামে পৌছেছে। গত সোমবার শফিকুলের হাত-পা বাঁধা গলা কাটা মরদেহ উদ্ধার করে তার সহকর্মীরা। শফিকুল ওই গ্রামের মৃত আজিজুল ইসলামের ছেলে। পারিবারিক সুত্র জানায় শফিকুল ইসলাম তার পরিবারের স্বচ্ছলতা ফিরিয়ে আনতে প্রথমে পাড়ি জমায় কাতারে। সেখানে ১২ বছর থাকার পর বাড়ি ফিরে আসে। সংসারে মা ভাই ও বোনদের সুখের জন্য আবারো পাড়ি জমান সুদুর আফ্রিকায়। নাগরিকত্ব পেতে সেখানে একটি বিয়ে করেন শফিকুল। পরে সেখানে ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলে। বেশ ভালই যাচ্ছিল দিন। কিছু দিন পর আফ্রিকান স্ত্রীর সাথে দ্বন্দ্ব দেখা দেয়। এর পর থেকে শফিকুলকে বিভিন্ন সময়ে জিম্মী করে অর্থ আদায় করা হতো। পরিবারের লোকজন মুক্তিপণ দেয়ার পর শফিকুলকে দেশে ফিরে আসতে বলে এবং বিয়ে করে সংসার পাততে বলেন মমতাময়ী মা। শফিকুলও মায়ের কথায় রাজি হয়। বিয়ের জন্য মেয়ে দেখার কাজটিও করছিলেন তার বন্ধুরা। এরই মাঝে ঘটে বিপত্তি। গত সোমবার হঠাৎ তার সহকর্মীরা শফিকুলের হাত-পা বাঁধা গলা কাটা মরদেহ উদ্ধার করে। বিষয়টি বাড়িতে জানানো হয়। এর পর থেকে গোটা পরিবারে নেমে আসে শোকের ছায়া। অপেক্ষা করতে থাকে শফিকুলের লাশটি একবারের জন্য হলেও দেখার। আজ রোববার সকালে শফিকুলের লাশ এসে বাড়িতে পৌছায়। এসময় কান্নায় ভেঙে পড়েন পরিবারের লোকজন ও আত্মীয়-স্বজনরা। সকালে শফিকুলের বাড়িতে গিয়ে দেখা যায় এলাকাবাসির ভীড়। আত্মীয় স্বজনরা কান্নায় ভেঙ্গে পড়েন। মমতাময়ি মা রাহিমা ও বোন মিলি কান্না করছিলেরন আর বারবার মুর্ছা যাচ্ছিলেন। তারা আদরের সন্তান ও ভাইয়ের মরদেহের পাশে বসে বিলাপ করছিল। বন্ধু বান্ধবদের মধ্যে ছিল চাপা কান্না। তারা জানালেন শফিকুলের মতো একজন সুন্দর ও মুক্তমনের বন্ধু হারালেন তারা। গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, তিনি বিষয়টি শুনেছেন এবং পুলিশের একটি টীম শফিকুল ইসলামের বাড়িতে পাঠানো হয়েছে বলেও জানান।

## গাংনীতে ১৫ লক্ষাধিক টাকা

রেজিস্ট্রার ও ফাইল বক্স। এ ফাঁকে তারা গাড়াডোব, আলমপুর, শ্যামপুর ও সাহারবাটিসহ বিভিন্ন গ্রামে ঋণ কার্যক্রম পরিচালনার জন্য মানুষের বাড়ি বাড়ি যেতে থাকেন। এক লাখ টাকা ঋণের বিপরিতে সঞ্চয় জমা করতে হবে ১২ হাজর টাকা। এমন শর্তে ওই গ্রামগুলোর অসংখ্য মানুষ অজানা-অচেনা মানুষগুলোর হাতে তুলে দেন টাকা। এলাকার মানুষের মৌখিক হিসেবে এ টাকার পরিমাণ ১৫ লক্ষাধিক বলে জানা গেছে। টাকা হাতিয়ে নেওয়ার ফাঁদ পড়েছেন উল্লেখ করে গাড়ডোব গ্রামের জলিবিল পাড়ার আলমগীর হোসেন বলেন, বুধবার আমাদের পাড়ায় এক ব্যক্তি গিয়ে ওই সমবায় সমিতির পরিচয় দিয়ে ঋণ দেওয়ার প্রলোভন দেয়। পানসি কবিরাজের বাড়িতে ১০ লাখ টাকা সিকিউরিটি দিয়ে তারা অফিস নিয়েছেন বলে জানায় আমাদের। ঋণ পাওয়ার জন্য আমরা লাখ প্রতি সাড়ে ১১ হাজার করে টাকা দেই। একই অভিযোগ করেন আরেক ভুক্তভোগী সবজি ব্যবসায়ী বকুল হোসেন জানান, বৃহস্পতিবার রাত থেকে সমিতির লোকের মোবাইল ফোন বন্ধ পেয়ে শুক্রবার সকালে পানসি কবিরাজের বাড়িতে যায়। সেখানে গিয়ে দেখি একটি গেট তৈরী করা হয়েছে। তবে অফিসের কাউকে পাওয়া যায়নি। পরিচয় নিশ্চিত আর জাতীয় পরিচয়পত্র ছাড়া কিভাবে ঘর ভাড়া দিলেন জানতে চাইলে পানসি কবিরাজ বলেন, চার জন লোক বুধবারে (১২ জুলাই) আমার বাড়িতে এসে ঘর ভাড়া নেওয়ার আলোচনা কলে। কাগজপত্র এবং তাদের ছবিসহ ঘরভাড়া চুক্তিনামা করতে বলে তারা শনিবার (১৫ জুলাই) উদ্বোধনী অনুষ্ঠানে সব সম্পন্ন করবে মর্মে আশ্বস্থ করে। এর মধ্যে বৃহস্পতিবার তারা আমার ঘরে ডেকেরেশন থেকে চেয়ার টেবিল নিয়ে এসে ঘরে রাখে। ডেকোরেশনের লোকজন বাড়ির প্রবেশ মুখে গেট করে দেয়। এর পর থেকে তাদেরকে আর খোঁজ পাওয়া যাচ্ছে না। এদিকে ভুক্তভোগীরা সাধ্যমত চেষ্টা করেও ওই সমবায় সমিতির কর্মকর্তা পরিচয় দেওয়া ব্যক্তিদের হদিস পাচ্ছেন না। পরে শনিবার আলমপুরের এক ভুক্তভোগী মেহেরপুর সদর থানায় এবং গাড়াডোব গ্রামের এক ভুক্তভোগী গাংনী থানায় লিখিত অভিযোগ দিয়েছেন। গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, বিষটি তদন্ত করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

## কালীগঞ্জে মেহেদী হত্যা মামলার

ফয়লা গ্রামে মেহেদী হাসানকে মোবাইল ফোনের মাধ্যমে বাড়ি থেকে নিজের বাড়িতে ডেকে আনে প্রতিবেশী সাদ্দাম হোসেন। পরে তাদের মধ্যে পূর্বের পাওনা টাকা চাওয়াকে কেন্দ্র করে তর্কবিতর্ক হয়। এক পর্যায়ে সাদ্দাম ও তার ভাই আকরাম হোসেন ধারালো ছুরি দিয়ে মেহেদী হাসানের গলার শ্বাসনালী কেটে দেওয়া সহ শরীরের বিভিন্ন স্থানে কুপিয়ে গুরুতর আহত করে। পরে পরিবারের লোকজন ছুটে এসে উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আনলে চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন। এই ঘটনায় পরদিন নিহতের মা বাদী হয়ে কালীগঞ্জ থানায় দুই জনকে আসামী করে হত্যা মামলা দায়ের করে। সেই মামলার প্রধান আসামী সাদ্দাম হোসেন ময়মনসিংহ জেলার ভালুকা থানা এলাকায় পালিয়ে আছে জানতে পেরে সেখানে অভিযান চালায় র‍্যাব। পরে রোববার ভোরে তাকে গ্রেপ্তার করা হয়।

## সরিষাবাড়ীতে জার্মানের স্পেশাল

শিক্ষক ও কোচ আনিছুর রহমান। সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চীনের সানওয়ার্ম ট্রেড ইন্টারন্যাশনালের ব্যবস্থাপনা পরিচালক লিয়ান চিও চিং। বিশেষ অতিথি ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ ছানোয়ার হোসেন বাদশা, পৌর মেয়র মনির উদ্দিন, মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার মোফাজ্জল হোসেন, উপজেলা আওয়ামী লীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক এম এ গণি, জেলা আওয়ামী লীগের সাবেক উপ-দপ্তর সম্পাদক জহুরুল ইসলাম মানিক, কামরাবাদ ইউনিয়নের চেয়ারম্যান আব্দুস সালাম প্রমুখ। এতে সভাপতিত্ব করেন অনুষ্ঠানের আয়োজক উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক বিশিষ্ট ব্যবসায়ী আনিছুর রহমান এলিন। সঞ্চালনা করেন উপজেলা যুবলীগের সভাপতি একেএম আশরাফুল ইসলাম।

উল্লেখ্য, গত ১২ জুন থেকে ২৬ জুন জার্মানের বার্লিনে অনুষ্ঠিত স্পেশাল অলিম্পিকস ওয়ার্ল্ডস-২০২৩ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে সুইড সরিষাবাড়ী বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের পাঁচজন শিক্ষার্থী স্বর্ণপদক ও একজন রৌপ্য পদক লাভ করেন। সংবর্ধনা অনুষ্ঠানে তাদের ক্রেস্ট ও নগদ অর্থ উপহার দেওয়া হয়।

## গায়ে কেরোসিন ঢেলে অগ্নিদগ্ধ

করেছে নিহতের বাবার বাড়ির লোকজন। এঘটনায় স্বামী ও শাশুড়িসহ ৪ জনের বিরুদ্ধে মুন্সীগঞ্জ সদর থানায় একটি অভিযোগ দায়ের করেছেন রিতুর বাবা আব্দুর রহিম।

দায়ের করা এজাহারে অভিযোগ করা হয়, গত ১১ জুলাই (মঙ্গলবার) দিনগত রাত ৩টার দিকে স্বামী ও শাশুড়ির অপমান-নির্যাতন সইতে না পেরে গায়ে আগুন দেন রিতু। আব্দুর রহিম অভিযোগ করে বলেন, ৬ বছর আগে পারিবারিকভাবে আধারা গ্রামের কুয়েত প্রবাসী হেলাল সরকারের সঙ্গে বিয়ে হয় রিতুর। তাদের ৪ বছর বয়সী একটি ছেলে সন্তান রয়েছে। অভিযুক্ত হেলাল আগেও একটি বিয়ে করেছিলেন। আমার মেয়েকে বিয়ের পর থেকেই হেলাল ও তার মা আলো বেগম বিভিন্ন কারণে-অকারণে শারীরিক ও মানসিকভাবে নির্যাতনের পাশাপাশি কথায় কথায় 'তুই মরতে পারিস না' বলে আমার মেয়েকে আত্মহত্যার করতে বলতো। বিষয়টি সে আমাকে জানালে আমি মেয়ে জামাইকে ঘটনার বিষয়ে জানতে চাই। এতে ক্ষিপ্ত হয়ে সে আমাকে হুমকি-ধামকি দেয়। তিনি আরও বলেন, গত ১১ জুলাই রাত ৩টার দিকে রিতুর সঙ্গে তার স্বামী ও শাশুড়ির ঝগড়া হয়। এসময় রিতুর জামাই হেলাল তাকে বলে তুই মরতে পারিস না? তুই মরলেই তো আমি পুনরায় বিয়ে করার সুযোগ পাই। রিতু এ কথা সহ্য করতে না পেরে ঘরে থাকা কেরোসিন গায়ে ছিটিয়ে আগুন লাগিয়ে দেয়। ঘটনাটি রিতুর জামাই মোবাইলে আমাকে জানায়। গুরুতর অগ্নিদগ্ধ রিতুকে প্রথমে মুন্সীগঞ্জ জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়া হয় এবং পরে ঢাকায় শেখ হাসিনা বার্ন ইন্সটিটিউটে পাঠানো হয়। সেখানেই ৫ দিন মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ে শনিবার সন্ধ্যায় মারা গেছে আমার মেয়ে। তার শরীরের ৮০ শতাংশ পুড়ে গিয়েছিল। মুন্সীগঞ্জ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. তারিকুজ্জামান বলেন, ঘটনার পর ভুক্তভোগীর বাবা থানায় অভিযোগ করলে পুলিশ তদন্তে নামে এবং শেখ হাসিনা বার্ন ইউনিটে গিয়ে ভুক্তভোগীর জবানবন্দি রেকর্ড করে। এ ঘটনায় মামলা প্রক্রিয়াধীন।

## গাংনীতে পেশাদার দুই ছাগল

একই গ্রামের আব্দুল হামিদের ছেলে রনি আহম্মেদ (২৫)। রবিবার সকালের দিকে এই দুই পেশাদার ছাগল চোর একটি ছাগল বিক্রি করতে গিয়ে জনতার হাতে ধরা পড়ে। পরে ধলা পুলিশ ক্যাম্পের পুলিশের হাতে সোপর্দ করেন। ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) তৌহিদুল ইসলাম বলেন, প্যান্ট পরে এই দুই চোর একটি ছাগল খাঁসমহল গ্রামে বিক্রি করতে যায়। তাদের দুজনের প্যান্ট পরা দেখে সন্দেহ হয়। তাদের বিভিন্নভাবে জেরা করার এক পর্যায়ে চুরি করা ছাগল বলে স্বীকার করে। পরে তাদের দুজনকে আমাদের হাতে তুলে দেন স্থানীয়রা। তাদের দুজনের বিরুদ্ধে চুরির অভিযোগে মামলা দেওয়া হবে বলে জানান তিনি।

## ইবিতে দুই পদে নতুন মুখ

আলী হাসান বলেন, উপাচায্যের আদেশ আদিষ্ট হয়ে তাদেরকে দায়িত্ব অর্পণ করা হয়েছে। তাঁরা তাদের সততা, নিষ্ঠা ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করবে বলে আশাবাদী। উল্লেখ্য, মুন্সী সহিদ উদ্দীন মোঃ তারেক প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত) ও ড. মোহাম্মদ সোহেল শারীরিক শিক্ষা বিভাগে হিসেবে দীর্ঘদিন দায়িত্ব পালন করায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষ থেকে তাঁকে আন্তরিক ধন্যবাদ আপন করা হয়েছে।

## দামুড়হুদায় মোবাইল চুরির অপরাধে

সে একজন চিহ্নিত চোর তাই তার বিচার করা হয়েছে। তবে টাকার বিষয়ে কোন কথা বলতে রাজি হয়নি। এ বিষয়ে দর্শনা থানার এস আই তাইফুর বলেন, যেহেতু জিডি হয়েছে হারানো, চুরির কোন জিডি হয়নি বিধায় মোবাইল পেয়েছে সে মালিক তাকে বুঝিয়ে দেওয়া হোক। এখানে জরিমানার কিছু নেই। দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদের সঙ্গে সাথে কথা বললে তিনি জানান কেন টাকা দিবে? টাকা না দেবার জন্য তাদের কে বলেন। স্থানীয় অনেকে বলেন, যে বিচার করা হয়েছে তা খুবই অমানবিক।রাতেই একজনের ভিটা জমি বিক্রি করতে বাধ্য করে টাকা আদায়। এটি সুস্পষ্ট মানবাধিকার লজ্ঘন।

## বিএনপির রাজনীতিই

নেতাদের এমন বক্তব্যের জবাবে ওবায়দুল কাদের বলেন, 'বিএনপি জন্মলগ্ন থেকেই মিথ্যাচার ও অপপ্রচার চর্চা করে আসছে। তারা সত্যকে যেমন ভয় পায় তেমন দেশের জনগণ এবং সংবিধান ও আইন-আদালতকে ভয় পায়। বিএনপি নেতারা বলছে, আসলে বিএনপির রাজনীতিই আজ ধ্বংসের শেষ প্রান্তে।' তিনি বলেন, 'বিএনপির মিথ্যাচারের ফাঁপা বেলুন ইতোমধ্যে চুপসে যেতে শুরু করেছে। তারা সরকার বিরোধিতার নামে দেশবিরোধিতায় লিপ্ত। তারা চায় শুধু ক্ষমতা! তারা ক্ষমতা চায় কিন্তু নির্বাচনে ভয় পায়। তাই তারা অনির্বাচিত সরকারের পক্ষে অবস্থান নিয়েছে।' ওবায়দুল কাদের বলেন, বিএনপির তথাকথিত আন্দোলন হলো যেনতেনভাবে ক্ষমতা দখলের আন্দোলন। এই আন্দোলনে জনগণের কোনো সম্পৃক্ততা নেই। তথাকথিত আন্দোলনের নামে সন্ত্রাস ও সহিংসতার মাধ্যমে তারা ভীতিকর পরিস্থিতি সৃষ্টি করে রাজনৈতিক ফায়দা লুটতে চায়। তিনি বলেন, বিএনপির আন্দোলন মানে জাতীয় সম্পদ নষ্ট করা ও অগ্নিসন্ত্রাসের মাধ্যমে মানুষ হত্যা করা। যারা জনগণকে শত্রু জ্ঞান করে তারা কখনো জনগণের আস্থা পায় না। বিদেশি প্রভুদের উপর ভর করে তারা যে আন্দোলন করছে তাতে জনগণের মুক্তি তো মিলবেই না, বরং দেশকে দুর্বল করবে। বিদেশিদের আপন করতে গিয়ে দেশের জনগণকে প্রতিপক্ষ বানিয়েছে বিএনপি।

## শেখ হাসিনার গ্রেপ্তার ছিলো

শেখ হাসিনার চেয়ে বন্দি শেখ হাসিনা কম শক্তিশালী ছিলেন না।'

গতকাল রোববার দুপুরে সচিবালয়ে সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে '২০০৭ সালের ১৬ জুলাই শেখ হাসিনার কারাবন্দি দিবস' উপলক্ষে তিনি এ কথা বলেন। সম্প্রচারমন্ত্রী বলেন, 'বিএনপি-জামায়াত সরকারের সীমাহীন দুর্নীতি-দু:শাসনের বিরুদ্ধে ব্যবস্থা না নিয়ে বরং সেই দুর্নীতির সাথে যুক্ত হওয়া এক-এগারো পরবর্তী তত্ত্বাবধায়ক সরকারের বিরুদ্ধে সোচ্চার জননেত্রী শেখ হাসিনার কণ্ঠ ও গণতন্ত্রের পথ চলাকে স্তব্ধ করার জন্য সে দিন বঙ্গবন্ধুকন্যাকে বিনা ওয়ারেন্টে গ্রেপ্তার করা হয়েছিলো। তার বাসভবন সুধাসদন তছনছ এবং তার প্রয়াত স্বামী এবং বিশিষ্ট বিজ্ঞানী আনবিক শক্তি কমিশনের প্রাক্তন চেয়ারম্যান ড. ওয়াজেদ মিয়ার সাথে দুর্ব্যবহার করা হয়েছিলো।'

## কেএমপি'র নতুন কমিশনার

প্রজ্ঞাপনের সই করেন সিনিয়র সহকারী সচিব মো. মাহাবুর রহমান শেখ। এতে বাংলাদেশ পুলিশের ১৬ ঊর্ধ্বতন কর্মকর্তাকে বদলি করা হয়েছে।

গত বছরের (২০২২ সালে) ১৬ অক্টোবর অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক (ডেপুটি ইন্সপেক্টর জেনারেল) হিসেবে হাইওয়ে পুলিশের দায়িত্ব গ্রহণ করেন মোহাম্মাদ মোজাম্মেল হক। এর আগে র‍্যাব-৪ এর অধিনায়ক হিসেবে সফলভাবে দায়িত্ব পালন করেন এই পুলিশ কর্মকর্তা।

১৯৯৯ সালের ২৫ জানুয়ারি পুলিশ বিভাগে সহকারি পুলিশ সুপার (এএসপি) হিসেবে যোগদান করেন ডিআইজি মোজাম্মেল হক। পঞ্চগড় ও রাজশাহীতে এএসপি (সার্কেল) এবং নাটোর, রাজশাহী, কুমিল্লা ও ঢাকায় অতিরিক্ত পুলিশ সুপার পদে দায?িত্ব পালন করেন তিনি। এ ছাড়াও জয়পুরহাট, বগুড়া, নওগাঁয় ছিলেন পুলিশ সুপার হিসেবে।

পরবর্তীতে মোজাম্মেল হক ঢাকা মেট্রোপলিটন পুলিশে (ডিএমপি) উপ-পুলিশ কমিশনার পদে কর্মরত অবস্থায় এডিশনাল ডিআইজি পদে পদোন্নতি পান এবং র‍্যাব-১৩ (রংপুর) এর অধিনায়ক হন। র‍্যাবে থাকাকালে ১৩ মাস সুদানে জাতিসংঘ শান্তি রক্ষা মিশনে অংশ নেন তিনি।

## তথ্য প্রযুক্তিসহ সব আধুনিক প্রশিক্ষণে

শপথ বাক্য পাঠ করান ও স্কাউটস ব্যাজ পরিয়ে দেন।

অনুষ্ঠানে বাংলাদেশ স্কাউটস এর সভাপতি মোঃ আবুল কালাম আজাদ চিফ স্কাউটকে স্কার্ফ পরিয়ে দেন।

স্কাউট কার্যক্রমে নীতি-নৈতিকতার শিক্ষা খুবই গুরুত্বপূর্ণ উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, ছেলে-মেয়েদের আদর্শিক ভিত্তি তৈরি করতেও স্কাউটিং কার্যক্রম ইতিবাচক ভূমিকা রাখতে পারে। রাষ্ট্রপতি সাহাবুদ্দিন বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালে এক অধ্যাদেশের মাধ্যমে স্কাউটিং এর গোড়াপত্তন করেন যা আজ সারাদেশে বিস্তৃত।

দেশকে উন্নতি ও অগ্রগতির পথে এগিয়ে নিতে এবং স্মার্ট বাংলাদেশে পরিণত করতে প্রতিটি স্তরে নেতৃত্বের বিকাশ অত্যন্ত জরুরী বলে তিনি মনে করেন। রাষ্ট্রপতি বলেন, স্কাউটিং এর মাধ্যমে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে এই নেতৃত্বের বিকাশের যাত্রা শুরু হতে পারে।

## দেশের মানুষের ভাগ্য পরিবর্তনে কাজ

হাসিনা বলেন, ২০০৮ সালের আগ পর্যন্ত দেশের বিভিন্ন ক্যাম্পাসে অস্ত্রের ঝনঝনানি ও বোমাবাজি ছিল। বর্তমানে সেই পরিস্থিতি নেই। আওয়ামী লীগ সরকারে আসার পর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আসতে সক্ষম হয়েছে। শেখ হাসিনা বলেন, ১৯৭৫ এর ১৫ আগস্ট জাতির পিতাকে হত্যার পর শিক্ষাসহ দেশের অগ্রযাত্রা ব্যাহত হয়। সামরিক শাসকরা অস্ত্র তুলে দেয় মেধাবীদের হাতে, তাদের অবৈধ ক্ষমতা বৈধ করার শক্তি হিসেবে ব্যবহার করে শিক্ষার্থীদের। আমরা ক্ষমতায় আসার আগেও বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসগুলোতে অস্ত্রের ঝনঝনানি ছিল। গত ১৪ বছরে শিক্ষাখাতের আমূল পরিবর্তন করতে সক্ষম হয়েছে সরকার। প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত শিক্ষার মান ও সব প্রতিষ্ঠান উন্নত করতে ব্যবস্থা নেওয়া হয়েছে।

## ইতিহাস গড়ে ভারতের

দেন উইকেট পতনের ধারা। বৃষ্টিতে খেলা বন্ধ হওয়ার আগ পর্যন্ত আর কোন উইকেট না বিলিয়ে দিয়ে স্কোরবোর্ডে ৪০ রান তোলেন দুজনে মিলে।

থিতু হয়ে বসা এই জুটি ভাঙেন কৌর; দলীয় ৬৩ রানে ফারজানা হককে মাঠছাড়া করার মাধ্যমে। ৪৫ বলে ২৭ করেন এই ব্যাটার সাজঘরে ফেরার আগে। ব্যক্তিগত ৩৯ ও দলীয় ১০৩ রানে নিগার সুলতানার বিদায়ের পর একেবারে হুরমুরিয়ে ভেঙে পড়ে টাইগ্রেসদের ব্যাটিং লাইন আপ। বাকি ৫ ব্যাটারের ভেতর সর্বোচ্চ রান আসে সুলতানা খাতুনের ব্যাট থেকে। তিনি করেন ১৬।

## ব্যাপক রদবদল!

মোহা. আবদুল আলীম মাহমুদকে অ্যান্টি টেরোরিজম ইউনিটে, আর্মড পুলিশ ব্যাটালিয়নের মো. জামিল হাসানকে বরিশাল রেঞ্জ ডিআইজি, পুলিশের বিশেষ শাখার (এসবি) অতিরিক্ত ডিআইজি (বর্তমানে উপ-পুলিশ মহাপরিদর্শক পদে পদোন্নতিপ্রাপ্ত) রখফার সুলতানা খানমকে রাজশাহীর সারদা পুলিশ একাডেমিতে, ডিএমপির যুগ্ম পুলিশ কমিশনার (বর্তমানে উপ-পুলিশ মহাপরিদর্শক পদে পদোন্নতিপ্রাপ্ত) মো. জাকির হোসেন খানকে ইন্ডাস্ট্রিয়াল পুলিশে বদলি করা হয়েছে।

এছাড়া পুলিশের বিশেষ শাখার (এসবি) অতিরিক্ত ডিআইজি (বর্তমানে উপ-পুলিশ মহাপরিদর্শক পদে পদোন্নতিপ্রাপ্ত) মো. মনিরুজ্জামানকে এসবিতে, পুলিশ সদর দপ্তরের অতিরিক্ত ডিআইজি (বর্তমানে উপ-পুলিশ মহাপরিদর্শক পদে পদোন্নতিপ্রাপ্ত) মোহাম্মদ আব্দুল্লাহীল বাকীকে আর্মড পুলিশ ব্যাটালিয়নে, টাঙ্গাইল পুলিশ ট্রেনিং সেন্টারের কমান্ড্যান্ট (ডিআইজি) মো. ময়নুল ইসলামকে ঢাকা ট্রেনিং ড্রাইভিং স্কুলে ও ঢাকা ট্রেনিং ড্রাইভিং স্কুলের কমান্ড্যান্ট (ডিআইজি) মো. নজরুল ইসলামকে টাঙ্গাইল পুলিশ ট্রেনিং সেন্টারের কমান্ড্যান্ট (ডিআইজি) হিসেবে বদলি করা হয়েছে।

## দেশ থেকে জনশক্তি রপ্তানি বাড়লেও

এবং ৩৯ দশমিক ৮৩ শতাংশ ছিল অদক্ষ শ্রমিক। কিছুটা ওঠা-নামার মধ্য দিয়ে তিন দশক ধরে কর্মী পাঠানোর সমান্তরাল হার চলে। কিন্তু ২০২১ সালে ৬ লাখ ১৭ হাজার ২০৯ জন কর্মী বিদেশ প্রেরণ করা হলেও তার বিপরীতে দক্ষ কর্মী যায় ২০ দশমিক ৬৬ শতাংশ, আংশিক দক্ষ কর্মী যায় ৩ দশমিক ১৪ শতাংশ। সে বছর বিদেশে পাঠানো মোট কর্মীর ৭৩ দশমিক ৫৬ শতাংশই ছিল অদক্ষ। অন্যান্য বছরের মধ্যে ১৯৯৬ সালে ৩০ দশমিক ৮৭ শতাংশ, ১৬ দশমিক ৩৮ আংশিক দক্ষ এবং ৫১ দশমিক ৭৩ শতাংশ অদক্ষ। ২০০১ সালে ২২ দশমিক ৬৫ শতাংশ দক্ষ, ১৬ দশমিক ২৩ আংশিক দক্ষ এবং ৫৭ দশমিক ৯৬ শতাংশ অদক্ষ শ্রমিক রপ্তানি হয়।

## নিবন্ধন পাচ্ছে নতুন দুই দল বিএনএম

সচিব জাহাংগীর আলম সাংবাদিকদের এই সিদ্ধান্তের কথা জানান।

নিবন্ধিত রাজনৈতিক দল ছাড়া কোনো দল দলীয় প্রতীকে নির্বাচনে অংশ নিতে পারে না। নিবন্ধনের জন্য এবার ৯৩টি দল আবেদন করেছিল। প্রাথমিক বাছাই শেষে আলোচিত দল গণ অধিকার পরিষদ, এবি পার্টিসহ ১২টি দলের মাঠপর্যায়ের তথ্য যাচাইয়ের সিদ্ধান্ত নিয়েছিল নির্বাচন কমিশন। ১২টি দলের মধ্যে শেষ পর্যন্ত ২টি দলকে নিবন্ধন দেওয়ার বিষয়ে প্রাথমিক সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। ইসি সচিব জাহাংগীর আলম বলেছেন, মাঠপর্যায়ের তথ্য যাচাই শেষে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই দুই দলের ক্ষেত্রে জেলা ও উপজেলা পর্যায়ের কমিটির তথ্যসহ সব তথ্য যথাযথ পাওয়া গেছে। বাকি ১০টি দলের ক্ষেত্রে মাঠের তথ্যে গরমিল পাওয়া যায়।

গত বছরের অক্টোবরে নতুন নিবন্ধনের জন্য আবেদনের নির্ধারিত সময়ে মোট ৯৩টি দল ইসির নিবন্ধন পেতে আবেদন করেছিল। এর মধ্যে প্রাথমিক বাছাইয়ে ১২টি দলের কাগজপত্র সঠিক পায় ইসি। গত এপ্রিলে এই ১২ দলের দেওয়া মাঠপর্যায়ের তথ্য যাচাইয়ের কাজ শুরু করেন ইসির মাঠপর্যায়ের কর্মকর্তারা।



# আনুষ্ঠানিকভাবে ইন্টার মায়ামিতে মেসি

**স্পোর্টস ডেস্ক :** আগে থেকেই সবকিছু ছিল নিশ্চিত। পিএসজির সঙ্গে চুক্তির মেয়াদ শেষে লিওনেল মেসি নিজেই জানান, ইন্টার মায়ামিতে যাচ্ছেন তিনি। বাকি ছিল কেবল আনুষ্ঠানিকতার। সেটাও এবার হয়ে গেল। পূর্ব ঘোষণা অনুযায়ী, দুই বছরের চুক্তিতে যুক্তরাষ্ট্রের ক্লাবটিতে যোগ দিলেন সাতবারের ব্যালন দ'র জয়ী। মায়ামির পক্ষ থেকে বাংলাদেশ সময় শনিবার মধ্যরাতে মেসির চুক্তির বিষয়টি নিশ্চিত করা হয়। ২০২৫ সাল পর্যন্ত ক্লাবটিতে খেলবেন আর্জেন্টিনা অধিনায়ক। মেজর সকার লিগের ক্লাবটির মালিকদের একজন সাবেক গ্রেট ফুটবলার ডেভিড বেকহ্যামের কাছে, মেসিকে দলে পাওয়া "স্বপ্ন সত্যি হওয়ার মতো"। "১০ বছর আগে আমি যখন নতুন একটি দল গড়ার পথে যাত্রা শুরু করেছিলাম, তখন বলেছিলাম যে গ্রেট সব খেলোয়াড়দের চমৎকার এই শহরে নিয়ে আসার স্বপ্ন দেখি আমি।" ২০২২-২৩ মৌসুম শেষের সঙ্গে পিএসজিতে মেসির দুই বছরের অধ্যায় শেষ হয়। চুক্তি অনুযায়ী ক্লাবটিতে আরও এক বছর থাকার পথ খোলা থাকলেও তা চাননি তিনি। গত বছর কাতার বিশ্বকাপে দেশকে স্বপ্নের বিশ্বসেরার ট্রফি জেতানোর পর এবং ইউরোপীয় ফুটবলে দীর্ঘ প্রায় দুই দশকের সাফল্যে ভরা ক্যারিয়ার শেষে নতুন কিছুর আশায় মায়ামিতে যোগ দেওয়ার সিদ্ধান্ত নেন ৩৬ বছর বয়সী তারকা। পিএসজি ছাড়ার পর এবং জুনে জাতীয় দলের হয়ে ম্যাচ খেলে পরিবারসহ এতদিন ছুটি কাটাচ্ছিলেন মেসি। গত মঙ্গলবার তিনি পরিবার নিয়েই পা রাখেন মায়ামিতে। ক্লাবের আঙিনা ফোর্ট লডারডেইলের ডিআরভি পিএনকে স্টেডিয়ামে রোববার বিশেষ একটি আয়োজনে মেসিকে বরণ করে নেবে ইন্টার মায়ামি। নতুন ক্লাবের হয়ে মেসি প্রথম মাঠে নামতে পারেন আগামী ২১ জুলাই, লিগস কাপের ম্যাচে মেক্সিকান ক্লাব ক্রুস আসুলের বিপক্ষে।

# দিল্লির ত্রাণ শিবিরে বন্যার পানি খাবার ও পানির সংকট

**আন্তর্জাতিক ডেস্ক :** প্রবল বৃষ্টির জেরে যমুনা নদীর পানি বেড়ে সৃষ্ট বন্যায় ভারতের রাজধানী দিল্লির অসংখ্য সড়ক ভেসে যাওয়ার কারণে নজিরবিহীন সংকট তৈরি হয়েছে। হাজার হাজার মানুষকে আশ্রয় নিতে হয়েছে দিল্লির অস্থায়ী আশ্রয় শিবিরগুলোতে। পুরনো দিল্লির যমুনা বাজার ত্রাণ শিবিরের সব তাঁবুতে পানি ঢুকে পড়ায় সেখানে আশ্রয় নেয়া লোকজনকে এখন বাধ্য হয়ে শুকনো এলাকা খুঁজতে হচ্ছে। এদিকে, বন্যা পরিস্থিতির অবনতিতে কোথাও কোথাও ত্রাণ শিবিরে বন্যার পানি ঢুকে পড়ায় আশ্রিতদের দুর্ভোগও বেড়েছে বলে জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি।



বন্যাদুর্গতদের জন্য দিল্লির সরকার প্রায় ২ হাজার ৭০০ তাঁবু স্থাপন করেছে, আশ্রয়কেন্দ্রগুলোতে থাকতে এখন পর্যন্ত ২৭ হাজারের মতো মানুষ নিবন্ধন করেছে বলে সরকারি এক বিবৃতিতে জানানোও হয়েছে। দিল্লির অস্থায়ী আশ্রয় কেন্দ্রে আসা এক ব্যক্তি বলেন, খাবার পানি নেই, আমরা এখানে বসে আছি। শেষ খেয়েছিলাম গতকাল সকালে, আমাদের কাছে যা ছিল তা দিয়েই খাবার তৈরি করেছিলাম। ত্রাণ শিবিরগুলোতে আশ্রয় নেওয়া লোকজনকে খাবার ও পানি জোগাড়েও লড়তে হচ্ছে। কোথাও কোথাও খাবারের জন্য ঘণ্টার পর ঘণ্টা দীর্ঘ সারিতে অপেক্ষা করতে হচ্ছে বলে খবর পাওয়া গেছে।

দিল্লি এবং ভারতের উত্তরের রাজ্যগুলোতে টানা কয়েকদিনের অস্বাভাবিক বৃষ্টির পর বৃহস্পতিবার যমুনা নদীর পানি রেকর্ড উচ্চতায় উঠেছিল। পরে তা ধীরে ধীরে নামতে শুরু করলেও দিল্লির বিভিন্ন অংশ এখনও পানিবন্দি। শনিবার সন্ধ্যা থেকে ফের বৃষ্টি শুরু হওয়ায় কোথাও কোথাও পানি নতুন করে বাড়ছে। দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল বলেছেন, যমুনা নদীর পানি ধীরে ধীরে কমছে, বৃষ্টি না হলে পরিস্থিতি স্বাভাবিক হয়ে আসবে। তবে বন্যার বিপদ এখনও কাটেনি। এর মধ্যে রাজধানীতে বন্যা নিয়ে দোষারোপের রাজনীতিও শুরু হয়ে গেছে। শহরটিতে ক্ষমতাসীন আম আদমি পার্টি ও কেন্দ্রে ক্ষমতাসীন বিজেপি একে অপরকে এ দুর্যোগময় পরিস্থিতির জন্য দায়ী করছে। দিল্লির মানুষকে দুর্ভোগে ফেলতে হরিয়ানা রাজ্যে ক্ষমতাসীন বিজেপি ও কেন্দ্রীয় সরকারের ষড়যন্ত্রে এমন বন্যাসদৃশ পরিস্থিতির সৃষ্টি হয়েছে বলে অভিযোগ করেছে আম আদমি পার্টি। এদিকে,গতকাল রোববার সকাল থেকে দিল্লির বিভিন্ন স্থানে দেখা গেছে ভয়াবহ যানজট। পানির ভিতর দিয়ে গাড়ি চলতে পারছে না। ফলে শহরটির গুরুত্বপূর্ণ এলাকাগুলোতে জনদুর্ভোগ চরমে পৌঁছেছে। আইটিও, রাজঘাট এলাকা এখনও পানির নিচে।

# যুক্তরাষ্ট্রে বন্দুক হামলায় নারীসহ নিহত ৪

**আন্তর্জাতিক ডেস্ক :** যুক্তরাষ্ট্রের জর্জিয়া অঙ্গরাজ্যে এক ব্যক্তির বিরুদ্ধে চারজনকে গুলি করে হত্যার অভিযোগ উঠেছে। নিহতরা সবাই প্রাপ্তবয়স্ক এবং তাদের মধ্যে একজন নারী। স্থানীয় সময় গত শনিবার সকালে যুক্তরাষ্ট্রের দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় এই অঙ্গরাজ্যটির একটি শহরে এই হামলার ঘটনা ঘটে। খবর সিএনএন। হেনরি কাউন্টি শেরিফের কার্যালয় থেকে জানানো হয়, সন্দেহভাজন ব্যক্তি ৪০ বছর বয়সী আন্দ্রে লংমোর। অভিযুক্ত এই ব্যক্তি হ্যাম্পটনের বাসিন্দা। তবে হামলার পরপরই অভিযুক্ত ব্যক্তি পালিয়ে যায়। তাকে এখনো আটক করা সম্ভব হয়নি। প্রতিবেদনে বলা হয়েছে, শনিবার বেলা পৌনে ১১টার দিকে জর্জিয়ার পশ্চিমাঞ্চলে অবস্থিত ছোট শহর হ্যাম্পটনে অভিযুক্ত লংমোর চারজনকে গুলি করে হত্যা করে। নিহতদের তিনজন পুরুষ এবং একজন নারী বলে কর্মকর্তারা জানিয়েছেন। নিহতদের পরিচয় শনাক্ত করা যায়নি। হ্যাম্পটন পুলিশ ডিপার্টমেন্টের প্রধান জেমস টার্নার গুলিবর্ষণের বিষয়ে বলেছেন, 'হ্যাম্পটনে এটি দুঃখের দিন। এটা আমাদের জন্য স্বাভাবিক কোনো



# উ. কোরিয়ার 'পারমাণবিক হুমকি' মোকাবিলায় তিন দেশে পাল্টা মহড়া

**আন্তর্জাতিক ডেস্ক :** উত্তর কোরিয়ার পারমাণবিক হুমকি মোকাবিলায় যুক্তরাষ্ট্রের নেতৃত্বে যৌথ নৌ মহাড়া চালিয়েছে জাপান ও দক্ষিণ কোরিয়া। পিয়ংইয়ংয়ের আন্তঃমহাদেশীয় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র (আইসিবিএম) উৎক্ষেপণের পাল্টা জবাবে রোববার বড় ধরনের মহড়ায় নামে এই তিন দেশ। দ. কোরিয়া ও জাপানের মধ্যকার আন্তর্জাতিক জলসীমায় গতকাল রোববার মহড়াটি পরিচালিত হয়। তিনটি দেশের এজিস রাডার সিস্টেমে সজ্জিত ডেস্ট্রয়ারকে একত্র করা হয়েছিল বলে নিশ্চিত করেছে সিউলের নৌবাহিনী। একজন নৌ কর্মকর্তা জানিয়েছেন, কম্পিউটার-সিমুলেটেড ব্যালিস্টিক লক্ষ্য শনাক্ত এবং ট্র্যাক করার পদ্ধতি নিয়ে অনুশীলনে জোর দেওয়া হয়। গত বুধবার নিজেদের কোনো জায়গা থেকে 'হাওয়াসং-১৮' ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ করে কিম জং উনের দেশ। যা দেশটির সবশেষ উৎক্ষেপণ করা পারমাণবিক ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র। এটিকে পশ্চিমা শক্তির বিরুদ্ধে কঠিন বার্তা বলে হুঁশিয়ারি দেয় পিয়ংইয়ং। পিয়ংইয়ং এর আগে তার ভূখণ্ডে ওয়াশিংটনের বিরুদ্ধে গোয়েন্দা বিমান ইস্যুতে গুপ্তচরবৃত্তির অভিযোগ তুলে পাল্টা ব্যবস্থা নেওয়ার হুমকি দিয়েছিল। এরপরই ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণের ঘটনা ঘটে। তার আগে মার্কিন গোয়েন্দা বিমান ভূপাতিতের হুমকি দেয় দেশটি।




# অ্যাড. মতিয়র রহমান তালুকদারের ১৫তম মৃত্যুবার্ষিকী পালিত

**মাজহারুল ইসলাম শাওন , সরিষাবাড়ী :** জামালপুরের সরিষাবাড়ীতে মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের একনিষ্ঠ রাজনৈতিক কর্মী অ্যাডভোকেট মতিয়র রহমান তালুকারের ১৫তম মৃত্যুবার্ষিকী পালিত হয়েছে। রবিবার (১৬ই জুলাই) কালো ব্যাচ ধারণ করে পুষ্পস্তবক অর্পন,কবর জিয়ারত ও ইয়াতিমদের মাঝে খাবার বিতরনের মাধ্যমে দৌলতপুর তার নিজ গ্রামের বাড়িতে মৃত্যুবার্ষিকী পালিত হয়। মরহুম অ্যাডভোকেট মতিয়র রহমান তালকদার জামালপুর জেলার সরিষাবাড়ী উপজেলার দৌলতপুর গ্রামের একটি সম্ভ্রান্ত পরিবারে ১৯৩৪ সালের ০১লা নভেম্বর জন্মগ্রহণ করেন এবং তাঁর দীর্ঘ ৭৪ বছরের বর্ণাঢ্য রাজনৈতিক, সামাজিক এবং ব্যক্তিগত কর্মময় জীবনের পরিসমাপ্তি ঘটে ২০০৮ সালের ১৬ জুলাই। এই দিনে তিনি মৃত্যুবরণ করেন।

এছাড়াও তিনি মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক,জামালপুর আওয়ামী রাজনীতির কিংবদন্তী জেলা আওয়ামীলীগের সভাপতি,জামালপুর জেলা আইনজীবি সমিতির ৬ বারের সভাপতি, জামালপুর আইন মহাবিদ্যালয় এর প্রতিষ্ঠাতা ও অধ্যক্ষ, বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় কার্য নির্বাহী কমিটির অন্যতম সদস্য ছিলেন। মৃত্যুবার্ষিকী উপলক্ষে অ্যাভোকেট মতিয়র রহমান তালুকদার স্মৃতি সংসদের উদ্যোগে সকালে দৌলতপুর গ্রামে নিজ বাড়িতে মরহুমের সমাধিতে শ্রদ্ধা নিবেদন, কবর জিয়ারত, কুরআনখানি, মিলাদ ও দোয়া মাহফিল এবং এতিম শিশু ও অসহায় দুস্থ মানুষের মাঝে খাদ্য বিতরণ করা হয়।

মরহুমের জ্যৈষ্ঠপুত্র মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি মোঃ মাহমুদ হাসান তালুকদার এবং কনিষ্ঠপুত্র সাবেক তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী আলহাজ্ব ডাক্তার মোঃ মুরাদ হাসান এমপি।

এসময় মরহুমের কনিষ্ঠপুত্র সাবেক তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী আলহাজ্ব ডাক্তার মোঃ মুরাদ হাসান এমপি, পৌর কাউন্সিলর শাখাওয়াত আলম মুকুল,একে এম আশরাফুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধাগণ,অ্যাভোকেট মতিয়র রহমান তালুকদার স্মৃতি সংসদের সকল সদস্য,দৌলতপুর উচ্চ বিদ্যালয়? ও অ্যাডভোকেট মতিউর রহমান কলেজ এর শিক্ষকবৃন্দ, গ্রামবাসী সহ অনেক গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

এসময় মরহুমের কনিষ্ঠপুত্র সাবেক তথ্য ও সম্স্প্রচার প্রতিমন্ত্রী আলহাজ্ব ডাক্তার মোঃ মুরাদ হাসান এমপি সকলের কাছে তার মরহুম বাবার জন্য দোয়া কামনা করেন,যেন মহান আল্লাহ রাব্বুল আলামীন তার মরহুম বাবাকে জান্নাতুল ফেরদৌস দান করেন।

# কাল নতুন গিলাফে আবৃত হবে কাবা শরিফ

**আন্তর্জাতিক ডেস্ক :** আগামীকাল মঙ্গলবার নতুন গিলাফে আবৃত হবে পবিত্র কাবা শরীফ। ওইদিন এশার পর কিং আবদুল আজিজ কমপ্লেক্সের ২০০ জন বিশেষ কর্মকর্তা এই বরকতময় কাজ সম্পাদন করবেন। কাবা শরিফের গিলাফ মিশমিশে কালো বর্ণের হয়। রেশমের তৈরি এ গিলাফ স্থাপন করা হয় ইসলামের পবিত্রতম স্থান কাবা শরিফের উপর। সোনার কারুকার্যখচিত এই গিলাফে কুরআনের আয়াত লেখা থাকে। সৌদি সরকার প্রতি বছর একই নমুনায় নতুন নতুন গিলাফ তৈরি করে। হিজরি সাল ইসলামের গুরুত্বপূর্ণ এক অনুসঙ্গ। এর ভিত্তিতে গোটা বিশ্বের মুসলমানরা ধর্মীয় নানা আচার পালন করে থাকে। এরই একটি গুরুত্বপূর্ণ দিক হলো কাবা শরিফে নতুন গিলাফ প্রতিস্থাপন করা। নতুন গিলাফ প্রতিস্থাপনের সময় জাঁকজমকপূর্ণ অনুষ্ঠান হয়। ইসলামের পবিত্রতম স্থান হওয়ার কারণে অত্যন্ত যত্ন ও শ্রদ্ধার সাথে এই কাজ আঞ্জাম দেয়া হয়।

# বিশ্বজুড়ে রেকর্ড তাপপ্রবাহ

**আন্তর্জাতিক ডেস্ক :** ইউরোপ ও জাপানে রেকর্ড তাপ প্রবাহের পূর্বাভাসের মধ্যে গত শনিবার যুক্তরাষ্ট্রে কয়েক মিলিয়ন মানুষ বিপজ্জনকভাবে উচ্চ তাপমাত্রার মুখোমুখি হয়েছে। এটি বিশ্ব উষ্ণায়নের হুমকির সর্বশেষ দৃষ্টান্ত। এর মধ্যে মার্কিন সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশনের (সিডিসি) তথ্য অনুযায়ী, দেশটিতে প্রতিবছর গরমজনিত কারণে প্রায় ৭০০ মানুষ মারা যায়। বিবিসির এক প্রতিবেদনে বলা হয়, ক্যালিফোর্নিয়া থেকে টেক্সাস পর্যন্ত প্রসারিত একটি শক্তিশালী তাপপ্রবাহ শীর্ষে উঠবে বলে মার্কিন জাতীয় আবহাওয়া পরিষেবা এক পূর্বাভাসে 'সপ্তাহান্তে অত্যন্ত গরম এবং বিপজ্জনক' পরিস্থিতি সম্পর্কে সতর্ক করেছে। দিনের তাপমাত্রা পশ্চিমে স্বাভাবিকের চেয়ে ১০ থেকে ২০ ডিগ্রি ফারেনহাইট বেশি হওয়ার পূর্বাভাস দেয়া হয়েছে। সবচেয়ে ক্ষতিগ্রস্থ অঙ্গরাজ্যগুলোর মধ্যে একটি অ্যারিজোনায় বাসিন্দারা প্রতিদিন সূর্যের উত্তাপের তীব্রতার মুখোমুখি হচ্ছে। অঙ্গরাজ্যের রাজধানী ফিনিক্স একাধারে ১৬ দিন ধরে ১০৯ ডিগ্রি ফারেনহাইটের (৪৩ ডিগ্রি সেলসিয়াস) উপরে রেকর্ড ধরে রেখেছে। শনিবার তাপমাত্রা ১১১ ডিগ্রি ফারেনহাইটে উঠেছে এবং সামনে এটি বেড়ে ১১৫ ডিগ্রি ফারেনহাইটে দাঁড়াতে পারে। ক্যালিফোর্নিয়ার ডেথ ভ্যালি, পৃথিবীর উষ্ণতম স্থানগুলির মধ্যে একটি, সেখানে রোরবার তাপমাত্রা নতুন রেকর্ড ১৩০ ডিগ্রি ফারেনহাইটে পৌঁছাতে পারে। শনিবার মধ্যাহ্ন নাগাদ



তাপমাত্রা ইতোমধ্যে ৪৮ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছেছিল এবং এমনকি রাতে সর্বনিম্ন ৩৮ ডিগ্রি সেলসিয়াস ছাড়িয়ে যেতে পারে। কর্তৃপক্ষ লোকদেরকে দিনের বেলা বাইরের কার্যকলাপ এড়াতে এবং ডিহাইড্রেশন থেকে সতর্ক থাকার পরামর্শ দিচ্ছে। লাস ভেগাস আবহাওয়া পরিষেবা সতর্ক করেছে, উচ্চ তাপমাত্রা স্বাভাবিকভাবেই অঞ্চলের মরুভূমির জলবায়ুর সাথে আসে বলে ধরে নেয়া 'একটি বিপজ্জনক মানসিকতা! এই তাপপ্রবাহটি সাধারণ মরুভূমির তাপ নয়।'। দক্ষিণ ক্যালিফোর্নিয়া অসংখ্য দাবানলের বিরুদ্ধে লড়াই করছে, যার মধ্যে রয়েছে রিভারসাইড কাউন্টির একটি, যেখানে ৩,০০০ একরেরও বেশি (১,২১৪ হেক্টর) বন পুড়ে গেছে এবং লোকদের সরিয়ে নেয়ার নির্দেশ দিয়েছে কতৃপক্ষ। বিবিসির এক প্রতিবেদনে বলা হয়, কানাডিয়ান সরকার জানিয়েছে, গড়ের চেয়ে বেশি থাকা তাপমাত্রার সাহায্যে দাবানল এরইমধ্যে কানাডায় এক কোটি হেক্টর জমিও পুড়িয়ে ফেলেছে বলে জানিয়েছেন দেশটির কর্মকর্তারা। গ্রীষ্মের সাথে সাথে এই ক্ষতি আরও আরো বাড়বে বলে আশঙ্কা করা হচ্ছে। ইউরোপে ইতালি সপ্তাহান্তে রেকর্ড সর্বোচ্চ তাপমাত্রার মুখোমুখি হয়েছে, তীব্র তাপপ্রবাহ কমার কোনো লক্ষণ দেখা না যাওয়ায় আসছে সপ্তাহেও দক্ষিণ ইউরোপের বাসিন্দাদের অসহনীয় গরমের দাপট মোকাবেলা করতে হবে।

# প্রবল বর্ষণ: বন্যা-ভূমিধসে দক্ষিণ কোরিয়ায় প্রাণহানি ৩২

**আন্তর্জাতিক ডেস্ক :** প্রবল বর্ষণে সৃষ্ট বন্যা ও ভূমিধসে দক্ষিণ কোরিয়ায় অন্তত ৩২ জনের প্রাণহানি হয়েছে। এসব ঘটনায় ১০ জনের বেশি মানুষ নিখোঁজ রয়েছেন। ভারী বর্ষণে ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি ছেড়ে নিরাপদ আশ্রয়ে গেছেন হাজার হাজার মানুষ। গতকাল রোববার সিউলভিত্তিক বার্তা সংস্থা ইয়োনহাপ এসব তথ্য জানিয়েছে। দক্ষিণ কোরিয়ার দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সেন্ট্রাল ডিজ্যাস্টার অ্যান্ড সেফটি কাউন্টারমেজার হেডকোয়ার্টার্স (সিডিএসসিএইচ) জানায়, গত সপ্তাহ থেকে দেশজুড়ে হওয়া বৃষ্টিতে ২৬ জনের মৃত্যু হয়। রোববার সকাল ৬টা পর্যন্ত ১০ জন নিখোঁজ ছিলেন। এদিকে উদ্ধারকারীরা ওসং শহরে বন্যায় প্লাবিত ভূগর্ভস্থ টানেলে আটকে পড়া বাস থেকে আরও ছয়জনের মরদেহ উদ্ধার করেছেন। নিকটবর্তী একটি নদীর বাঁধ ভেঙে পানি ঢুকে যায় নর্থ চুংচেওং প্রদেশের ওসংয়ের ৬৮৫ মিটার দৈর্ঘ্যের সড়কপথটিতে।



# আরও স্টাম্পিং করার ইচ্ছে ক্যারির

**স্পোর্টস ডেস্ক :** অ্যাশেজ সিরিজে ইংল্যান্ড- অস্ট্রেলিয়ার মধ্যকার লর্ডস টেস্ট গত ২ জুলাই শেষ হলেও এখনও ম্যাচটি নিয়ে আলোচনা অব্যাহত। ম্যাচটিতে ইংল্যান্ডের জনি বেয়ারস্টোকে অস্ট্রেলিয়ার উইকেটরক্ষক অ্যালেক্স ক্যারির স্টাম্পিংয়ে আউট নিয়ে চলছে তর্ক-বিতর্ক। এই আউট নিয়ে আলোচনা-সমালোচনা কম হয়নি। কিন্তু ঐ আউট নিয়ে এতদিন মুখ খুলেননি ক্যারি। তিনি জানান, সুযোগ পেয়ে আবারও লর্ডসের মত স্টাম্পিং করবেন। লর্ডসে সিরিজের দ্বিতীয় টেস্ট জিততে ৩৭১ রানের টার্গেট পেয়েছিলো ইংল্যান্ড। ১৭৭ রানে ইংল্যান্ডের পঞ্চম উইকেট পতনের পর সাত নম্বরে ব্যাট করতে নামেন বেয়ারস্টো। ইনিংসের ৫২তম ওভারে অস্ট্রেলিয়ার পেসার ক্যামেরুন গ্রিনের শেষ ডেলিভারির বাউন্সার মাথা নিচু করে ছেড়ে দেন বেয়ারস্টো।

বল অস্ট্রেলিয়ার উইকেটরক্ষক ক্যারির হাতে জমা হতেই উইকেট ছেড়ে বেরিয়ে যান বেয়ারস্টো। ওভার শেষ হবার কারনেই ক্রিজে ছেড়েছিলেন তিনি। বেয়ারস্টো বেরিয়ে যেতেই আন্ডারআর্ম থ্রোতে স্টাম্প ভাঙেন ক্যারি। সাথে সাথে আবেদন করে অস্ট্রেলিয়ার খেলোয়াড়রা। অস্ট্রেলিয়ানদের আউটের আবেদনে অন ফিল্ড আম্পায়াররা সাড়া না দিলেও বেয়ারস্টোকে স্টাম্প আউট ঘোষনা করেন থার্ড আম্পায়ার। এরপরই ঐ আউট নিয়ে শুরু হয় বির্তক। লর্ডসের লং রুমে অস্ট্রেলিয়ান দুই ক্রিকেটার ডেভিড ওয়ার্নার ও উসমান খাজার সাথে বিবাদে জড়িয়ে পড়েন এমসিসির সদস্যরা। এমন ঘটনায় দুঃখ প্রকাশের সাথে তিনজন সদস্যকে নিষিদ্ধও করে এমসিসি। বেয়ারস্টোর ওমন আউটেই ম্যাচের পার্থক্য গড়ে দেয়। ৪৩ রানে ম্যাচ জিতে অস্ট্রেলিয়া। ম্যাচ শেষে ইংল্যান্ডের অধিনায়ক বেন স্টোকস বলেন, অস্ট্রেলিয়ার মত এভাবে কখনও ম্যাচ জিততে চান না তারা। ইংলিশ প্রধান কোচ ব্রেন্ডন ম্যাককালাম বলেন, অস্ট্রেলিয়ার জায়গায় থাকলেও আমরা বেয়ারস্টোকে আবারও ব্যাটিংয়ের জন্য ডাকতাম। নিয়ম মেনেই ক্রিকেট খেলা উচিত সবার। দীর্ঘদিন পর বেয়ারস্টোর আউট নিয়ে মুখ খুললেন ক্যারি। ইংল্যান্ডের সংবাদমাধ্যমকে ক্যারি বলেন, 'পরিকল্পনা ছিল বাউন্সার মারা হবে।

প্রথম মুভমেন্টেই সে ক্রিজের অনেক বাইরে গিয়েছিল, আমি সহজেই বল ধরার পর স্টাম্পে ছুঁড়ে মারি। আর বাকিটাতো ইতিহাস।

## বিনোদন



# 'আমরা আসলেই দুর্ভিক্ষের মধ্যে আছি'

**বিনোদন প্রতিবেদক :** নাট্যজন মামুনুর রশীদের আলোচিত বক্তব্যের প্রতিধ্বনি মিললো নায়ক বাপ্পারাজের কণ্ঠেও। ক'মাস আগে মামুনুর রশীদ বলেছিলেন, দেশে রুচির দুর্ভিক্ষ চলছে। এমন বক্তব্যের রেশ ধরে পক্ষে বিপক্ষে ঝড় ওঠে সোশ্যাল হ্যান্ডেলে। মূলত মামুনুর রশীদের এই বক্তব্যটি ছিলো, হিরো আলম প্রসঙ্গে। তবে এবার সেই প্রসঙ্গটি সামগ্রিক অর্থে তুলে ধরলেন অনেকটাই আড়ালে চলে যাওয়া নায়করাজ রাজ্জাক পুত্র বাপ্পারাজ। এবার এই নায়ক আঙুল তুলেছেন সাংবাদিক ও সেলিব্রেটিদের দিকে। রোববার বাপ্পা বলেন, 'আজকাল সাংবাদিক হওয়া কোনো ব্যাপার না, হাতে একটা স্মার্ট ফোন থাকলেই হলো। শিক্ষা, বিদ্যা, বুদ্ধির দরকার নেই, কোনো দায়বদ্ধতাও নেই। ক্যামেরা অন করে দাঁড়িয়ে পড়লেই হলো।' সাংবাদিকদের পাশাপাশি বাপ্পা কড়া সমালোচনা করলেন সেলিব্রেটিদের নিয়েও। বললেন, 'সেলিব্রেটি হওয়া আরও সহজ। ওই সাংবাদিকদের সামনে একবার দাঁড়াতে পারলেই হলো, তারপর মনে যা চায় আবোল-তাবোল বকবেন। তাতেই ভাইরাল, আপনি হিট। বিশাল সেলিব্রেটি হয়ে গেলেন। যেমন বাহারি প্রশ্ন তেমন উত্তরদাতার বাহারি উত্তর। আসলেই আমরা দুর্ভিক্ষের মধ্যে আছি।' তবে বাপ্পারাজ হঠাৎ কেন সাংবাদিক ও তারকাদের নিয়ে এমন কড়া প্রশ্ন তুললেন, সেটি স্পষ্ট নয়। অনেকেই মনে করছেন, সদ্য সমাপ্ত ঈদে মুক্তি পাওয়া দুই ছবির প্রচারণা ও তারকাদের নানান মন্তব্যকে ঘিরেই বাপ্পারাজ এই প্রতিক্রিয়া জানালেন।

# বিয়েবিচ্ছেদ নিয়ে মুখ খুললেন যীশু

**বিনোদন ডেস্ক :** ভারতীয় বাংলা সিনেমার অভিনেতা যীশু সেনগুপ্ত। ব্যক্তিগত জীবনে নীলাঞ্জনার সঙ্গে ঘর বেঁধেছেন তিনি। এ সংসারে তাদের দুটো সন্তান রয়েছে। এদিকে নেটদুনিয়ায় জোর চর্চা চলছে, ভেঙে যাচ্ছে যীশু-নীলাঞ্জনার সংসার। গত শুক্রবার ওটিটি প্ল্যাটফর্মে মুক্তি পেয়েছে যীশু অভিনীত ওয়েব সিরিজ 'দ্য ট্রায়াল'। এতে তার স্ত্রীর চরিত্রে অভিনয় করেছেন বলিউড অভিনেত্রী কাজল। তাদের চুমুর একটি দৃশ্য এখন অন্তর্জালে ভাইরাল। সিরিজটিতে একজন খারাপ স্বামীর চরিত্রে ধরা দিয়েছেন যীশু। এ সিনেমার মুক্তি উপলক্ষে ভারতীয় একটি সংবাদমাধ্যমে দেওয়া সাক্ষাৎকারে যীশু বলেন- 'আমি না গুড হাজব্যান্ড না ভালো বাবা। কারণ পরিবারকে যতটা সময় দেওয়া উচিত আমি দিতে পারি না।' মূলত, এই বক্তব্যের পর গুঞ্জন চাউর হয়- হয়তো ব্যক্তিগত জীবনে টানাপড়েন চলছে যীশুর। সময়ের সঙ্গে এই গুঞ্জনের ডালে লতাপাতা গজিয়েছে। শুধু তাই নয়, গুগলে যীশুকে নিয়ে সার্চ করা অন্যতম প্রশ্ন- 'যীশু সেনগুপ্তর কবে ডিভোর্স হচ্ছে?' এবার বিষয়টি নিয়ে মুখ খুলেছেন যীশু সেনগুপ্ত। সব গুঞ্জন উড়িয়ে এই অভিনেতা বলেন- 'আমি কেন ডিভোর্স নিতে যাব? আমি বিবাহিত, যেমনভাবে লোকে বিবাহিত হয় আর কী!

# একই পোশাকে বিয়ের ১৩ বছর পর ফারুকী-তিশা

**বিনোদন প্রতিবেদক :** ঢাকাই শোবিজের সফলতম দম্পতি নির্মাতা মোস্তফা সরয়ার ফারুকী ও অভিনেত্রী নুসরাত ইমরোজ তিশা। একসঙ্গে সংসার জীবনের গল্প রচনা করে চলছেন দীর্ঘ ১৩ বছর ধরে। ভক্তদের কাছেও তাদের ভালোবাসা, সম্পর্ক আর সংসারের খুচরো গল্প ভীষণ প্রিয়। তাদের একে-অন্যের প্রতি শ্রদ্ধাবোধ কিংবা ঝগড়াহীন দ্বৈত জীবন, অন্যান্যের জন্য অনুপ্রেরণার বটে। ২০১০ সালের ১৬ জুলাই বিয়ে করেছিলেন ফারুকী ও তিশা। সে হিসেবে রোববার তাদের বিয়ের ১৩ বছর পূর্ণ হয়েছে। এই বিশেষ দিনটি উদযাপনের জন্য বিশেষ পরিকল্পনা সাজিয়েছেন তারা। যেটার ঝলক শনিবার রাতেই ভক্তদের সামনে হাজির করলেন এ দম্পতি। ১৩তম বিবাহবার্ষিকীতে তিশা ও ফারুকী তাদের বিয়ের পোশাকে পুনরায় সেজেছেন। শুধু তাই নয়,



সেই পোশাকে এমন একটি জায়গায় গিয়ে ফটোশুট করেছেন, যেই জায়গার সঙ্গে তাদের সম্পর্কের সূচনার যোগসূত্র রয়েছে! পুরো বিষয়টি নির্মাতা ফারুকীর ভাষ্যে শোনা যাক, "জীবন কখনও কখনও নিজের মতো করেই স্ক্রিপ্ট লেখে। আমাদের বিয়ের ১৩ বছর পূর্তিতে তিশা পরিকল্পনা করলো- আমরা বিয়েতে যে পোশাক পরেছিলাম, সেটা পরেই ১৩ বছর পূর্তি উপলক্ষে একটা ফটোশুট করবো। সেই একই মানুষ, একই পোশাক, শুধু সময়টা এগিয়ে গেছে, আর আমাদের জীবনে এসেছে ইলহাম। তো সেই অনুযায়ী আমরা ভাবছিলাম কোথায় যাওয়া যায়! ঢাকার কাছেই হিজল তমাল নামে একটা পিকনিক স্পট আছে। ওখানেই গেলাম। গিয়েই খেয়াল হলো, এর মালিকের বাড়িতেই 'নিখোঁজ সংবাদ'র (নাটক) শুটিং হয়েছিল। আর সেই স্পটেই আমি তিশাকে বিয়ের প্রস্তাব দিয়েছিলাম। আজকে তেরো বছর পর সেখানেই আসাটা মহাজাগতিক এক পরিকল্পনাই বটে।" ফারুকী সরল মনে অকপটেই জানালেন, তিশার ওপর তিনি কতটা নির্ভরশীল। রাতে লাইট নিভিয়ে একা ঘুমাতেও তার ভয় হয়। 'টেলিভিশন' নির্মাতা বললেন, 'তেরো বছরে আমরা অনেক চড়াই-উতরাই পার হয়েছি। বাচ্চা নেওয়া নিয়ে অনেক কিছুর মুখোমুখি হয়েছি। কিন্তু নিঃসন্দেহে এই জার্নিটা ছিল অসাধারণ। তোমার কাছে কৃতজ্ঞতার তালিকাটা অনেক বড়। কত বড় বড় বিষয় থেকে শুরু করে তুচ্ছ বিষয়ে তোমার ওপর নির্ভর করি। তোমাকে ছাড়া বিদেশে গেলে এখনও রাতের বেলা বাতি নেভাতে পারি না, ভয় পাই। ভাবি একা একা যাবো কিভাবে এই দুনিয়া থেকে? অথচ কী আশ্চর্য আমরা একা একাই বড় হয়েছিলাম এই দুনিয়ায়!' সবশেষে প্রিয়তমা স্ত্রীকে ভালোবাসা জানিয়ে ফারুকী বলেছেন, 'আরও কত কিছু বলতে মন চায়। তার চেয়ে বরং বলি, লাভ ইউ তিশা। হ্যাপি অ্যানিভারসারি টু আস।' এদিকে তিশাও নিজের অনুভূতি প্রকাশ করেছেন নিজের সোশ্যাল হ্যান্ডেলে। লিখেছেন, '২০১০-র এই দিনটাতে আমাদের বিয়ে হয়। আজ ২০২৩।



# সেরাদের সাথে কাজ করেছি : সানি লিওন

**বিনোদন ডেস্ক :** একসময় পর্ন জগতের সবচেয়ে জনপ্রিয় মুখ ছিলেন। বর্তমানে সেই নীল জগৎ ছেড়ে বলিউডের গ্ল্যামার জগতের অন্যতম এক পরিচিত মুখ তিনি। তবে সুযোগ পেলেই অতীতের কর্মস্থল নিয়ে কথা বলতে ভোলেন না সানি লিওন। সম্প্রতি নিজের অতীতের পশ্চিমের অ্যাডাল্ট ফিল্ম ইন্ডাস্ট্রিতে তার অবস্থান সম্পর্কে কথা বলেছেন অভিনেত্রী। তিনি বলেছেন, তিনি পর্ন ইন্ডাস্ট্রির 'ক্রেম দে লা ক্রেম'-এর সাথে কাজ করেছেন এবং এটিকে বলিউডের ধর্ম এবং যশরাজ ফিল্মসের সাথে তুলনা করেছেন। তিনি করণ জোহরের ধর্ম প্রডাকশন এবং আদিত্য চোপড়ার যশরাজ ফিল্মস, দুটি প্রডাকশন হাউসের কথা উল্লেখ করেছেন, যাদের সাথে তিনি এখনো ভারতে কাজ করেননি। সানি লিওন বলেন, 'আমার প্রাপ্তবয়স্ক চলচ্চিত্র ক্যারিয়ারের সেরা অংশটি ছিল যে আমি সেরা কম্পানিগুলোর সাথে কাজ করেছি। যখন আমি সেই ইন্ডাস্ট্রির সবচেয়ে সেরা বোঝাতে চাই, তখন আমি এখানে শুধু ধর্ম এবং যশরাজের সাথে তুলনা করতে পারি। তারা ছিল প্রাণবন্ত। তারা এমন কিছু ছিল, যা সময়ের সাথে সাথে বাস্তবায়িত হয়েছে। আমি প্রতিটি চুক্তি পড়তাম। আমাকে নিয়োগকারী সংস্থাগুলো যা চেয়েছিল তা পেয়েছে এবং আমি যা চেয়েছি তা পেয়েছি। আমি নিশ্চিত করেছিলাম যে আমার থেকে কখনোই বাড়তি সুবিধা নেওয়া হচ্ছে না।' সম্প্রতি ইউটিউব চ্যানেল বিয়ারবাইসেপসের একটি পডকাস্টে এসব কথা বলেন সানি লিওন। নিজের অতীত ইন্ডাস্ট্রি সম্পর্কে সানি আরো বলেন, 'আমি এতটা দ্রুত ছিলাম না। হয়তো অন্য কিছু মেয়ে দ্রুত সাফল্য পেয়েছে এবং এটি দ্রুত কাজ করেছে; কিন্তু আমাকে আরো কঠোর পরিশ্রম করতে হয়েছিল। কারণ আমি খুব ধীরগতিতে কাজ করেছি। দ্রুততা আমার পদক্ষেপ ছিল না। কারণ সেটাই আমার গোটা জীবন ও ক্যারিয়ার ছিল। আমাকে সর্বদা দুই-তিনবার করে কঠোর পরিশ্রম করতে হয়েছে। আমি যেমনটা চেয়েছি, তেমনটাই পেয়েছি। তবে এতে সময় লেগেছে। এমনকি এখনো তা-ই লাগছে।' সানির সর্বশেষ চলচ্চিত্র 'কেনেডি' সম্প্রতি কান ফিল্ম ফেস্টিভালে প্রিমিয়ার হয়েছে।



# নিউ ইয়র্কে একসঙ্গে শাকিব-অপু

**বিনোদন প্রতিবেদক :** বর্তমানে বাংলা সিনেমার আলোচনার কেন্দ্রবিন্দুতে রয়েছেন শাকিব খান। কারণ ঈদে মুক্তি পাওয়া তার 'প্রিয়তমা' সিনেমা ভালো ব্যবসা করছে। এদিকে বেশ কিছুদিন ধরেই গুঞ্জন চলছে দাম্পত্য বিচ্ছেদ ভুলে আবারও এক হচ্ছেন শাকিব খান ও অপু বিশ্বাস। এই মুহূর্তে শাকিব-অপু দুজনই রয়েছেন যুক্তরাষ্ট্রে। তবে অবাক হওয়ার মতো বিষয় হলো দুজনকে একসঙ্গে দেখা গেছে নিউ ইয়র্কের রাস্তায়। গত শনিবার দেশের শোবিজ অঙ্গনে এটি ছিল আলোচিত টপিক। তবে এবার জানা গেল নতুন খবর। এবার নওশীন-হিল্লোলের মেয়ে মেহভিশার প্রথম জন্মদিনের অনুষ্ঠানে শাকিব খান ও অপু বিশ্বাসকে একসঙ্গে দেখা গেল। এই অনুষ্ঠানে যুক্তরাষ্ট্র প্রবাসী দেশীয় শোবিজ তারকারাও উপস্থিত ছিলেন। জনপ্রিয় টেলিভিশন অভিনেত্রী রিচি সোলায়মান একাধিক ছবি পোস্ট করেছেন। সেখানেই দেখা গেল শাকিব অপুকে। জানা গেছে, অনেকের মতো ন ওশীন-হিল্লোলের আমন্ত্রণ রক্ষা করতেই শাকিব খান তাদের মেয়ের জন্মদিনের অনুষ্ঠানে যান। তাদের একসঙ্গে দেখে অনেকের মনেই ফের সেই প্রশ্নই জোরালো হলো, তবে কি অপু বিশ্বাসের সঙ্গে একই ছাদের নিচে থাকতে যাচ্ছেন শাকিব খান? এদিকে, শাকিব খান অভিনীত প্রিয়তমা সিনেমাটি দেশে বিদেশে ভালো ব্যবসা করছে।